# GANDHI NEWS
# গান্ধী সংবাদ

Vol.17, No. 4

January - March, 2023



BULLETIN OF
**GANDHI MEMORIAL MUSEUM**

# Gandhi news
# গান্ধী সংবাদ

**January-March, 2023**

**Editor : Professor Jahar Sen**

**সম্পাদক : অধ্যাপক জহর সেন**

**Contribution : Rs. 20/-**

বিনিময় : ২০ টাকা

# GANDHI NEWS
# গান্ধী সংবাদ

জানুয়ারি-মার্চ, ২০২৩

## সূচিপত্র

১. **Editorial** : The Village and the World ০৫

২. **National Committee for Linguistic and Communal Harmony, Calcutta, July, 1977, Manifesto, 1972** ০৭

৩. **Gandhism and Humanism** : M N Roy ১০

৪. **বিচিন্তা** : ভবানীপ্রসাদ চট্টোপাধ্যায় ১৪


৫. **আতঙ্কবাদীর মনস্তত্ত্ব** : অরূপ মজুমদার ১৯

৬. **অগ্নিযুগের বঙ্গ বীরাঙ্গনাদের বীরগাথা** (তৃতীয় পর্যায়) (স্বাধীনতার ৭৫ বর্ষ পূর্তি উপলক্ষে বিশেষ শ্রদ্ধার্ঘ্য) ২৫

৭. **Director-Secretary's Report** : Director-Secretary's Report on the Programme and Activities at Gandhi Smarak Sangrahalaya, Barrackpore, from October 2022 to March 2023 ৩৫

# The Village and the World

India got its independence in 1947, at a time, when the world felt the destructive impact of two World Wars. Some historians tend to believe that India got her independence due to Satyagraha movements led by Gandhi. This argument is far from reality. Great Britain was exhausted as a result of two World Wars. As a global power it was in the process of replacement by two new super-powers, USA and USSR. There was no way that Britain could retain its hold on to the Indian Empire much longer.



Gandhi's teachings have not prevailed in the country which is proud of his legacy. The main difficulty has been the transplantation of the Gandhian ideal of early twentieth century. The circumstances in the second half of the twentieth century witnessed the emergence of market economy. The contemporary digital world is entirely devoid of ethical religion.



Nearly sixty years after Gandhi's death, the capitalist model and morality have become the norm. Even the Communist leader of China, Deng Xiopeng exhorted to his countrymen, *"It is glorious to be rich."* The political class and the elites of modern India have embraced Deng's dictum as enthusiastically as the Chinese in Beijing, Shanghai and Guangdong, and also as the as strongly as the Americans themselves.

The world to-day is in the grip of consumerism. This is reducing the life in the globe unsustainable. Vinod Saighal in his thought-provoking article, ‘‘Gandhi’s legacy vital for India’s global aspiration’’ (*The Statesman*, 19 September 2019, p. 07) argues,

> ‘‘If the world has to save itself from self-destruction, Gandhi’s non-violence must become the leitmotif of a globalised world, and a reformed UN structure that would make non-violence between states the norm for 21st century. The United Nation has adopted October 2, the birth anniversary of Mahatma Gandhi as World Harmony Day. It was Mahatma Gandhi who said, *“For my wordly needs my village is my world; for my spiritual needs the world is my village.”*

Gandhi was the ideologue of the village. Individual is at the centre of the village. A group of villages encompass in concentric circles. The structure is composed of a group of villages. There will be ever widening-circles, which are never ascending circles. This is what he characterised as ‘Oceaning circle’. This is what he pronounced as Gram Swaraj.

Gandhi explained, ‘‘If there ever is to be a republic of every village in India, then I claim verity of my picture in which the last is equal to the first, or in other words, no one is to be the first and none the last (*Harijan*, 28 July 1946). *Sarvodaya* (the uplift of alt) was the ideal of his political philosophy.’’

# National Committee for Linguistic and Communal Harmony, Calcutta, July, 1977,

# MANIFESTO, 1972

For 25 years now India is on the crossroads of history. India since 1947 is a nation-state; it rightly rejects any two-nation doctrine and cannot nurse a multi-nationality objective.



All our edifying endeavour for unity or unification has been despite the historic fact that India is a country of diverse languages and religions with varied customs and traditions. Also that—except for three generations following the rise of Chandragupta Maurya (c 320 B. C.) and for four generations following the rise of Akbar, the Great Moghul (1526 A. D.)—the sub-continent had not enjoyed the blessings of political unity in the past.

Through two millennia and more, before the British conquest of the entire country, there were frequent wars between the ruling dynasties of neighbouring principalities; wars which sometimes covered generations. These wars evoked highest standards of chivalry in both the feudal lord and the common man. But the common man on either side did not accumulate any rancour towards the enemy. This was not because the peasant, the artisan, the merchant or the scribe was less loyal than the warrior but because the citizen of one kingdom could not forget the homes of kinsmen or shrines for pilgrimage in the other kingdom. The people whether in the north or in the south, whether subscribing to monotheism or polytheism, whether speaking an elite speech or a vernacular dialect, whether writing from left to right or from right to left shared with pride a common civilisation and strengthened this synthesis from generation to generation.

The architects of India's freedom and the makers of our republican constitution had realized that what had saved India or Indian civilisation through centuries of foreign invasions and internal feuds was this quest for unity. The unity was sought in harmony and concord and not through conformity and intolerance. The Brahmavidya of the Vedic Age was not the monopoly of high birth. The Buddha spoke

in vernacular dialects and had no objection to admit to the Dharma an untouchable man or a fallen woman. Asoka had his edicts composed in popular medium and even had them engraved in two altogether different scripts. Asoka ordered the highest officials to be ever busy in effecting concord and harmony between great and small, between plainsmen and tribal folk, between believers in the King's dharma and others. In fact, Asoka set the norm for our modern secular state that no language, no religion or no people should thrive at the cost of others. Akbar in a more difficult age sought the same and in his zeal even set up an official religion accommodating all benefits in the empire. Two generations before Akbar, a great saint had laid the foundation of a religion which openly preached and deeply practised the essential unity between Hinduism and Islam. The language of Guru Nanak accommodated the Sanskrit as well as the Arabic (Iranic) usage then current in India. Centuries later when the British began using the diverse languages and religions of India to their administrative advantage, Raja Rammohan Roy spoke in modern terms of the Essential Unity of Religions, but sought authority in the Veda, the Buddha and the Sikh Guru, also in the Bible and the Koran.

The bi-centenary year of Rammohan Roy has witnessed grave violence and brutal persecution on the score of speech. In previous years instances of persecution of communal and religious minorities had sometimes occurred and rightly both the centre and the states came to the prompt rescue of the oppressed. But the Assam and Telengana orgies took much time—too much time—to attract the custodians of law and order. Centre was well seized of the grossly materialist incentives of the antisocial elements masquerading as language zealots in Assam and elsewhere, but being itself a victim of schizophrenia between English and Hindi in the central and international level, the Centre took lamentably much time to act. This has added to the confusion in people's mind all over the country. Are the safeguards for minority rights, as provided in our constitution, not sufficient directives? The framers of our constitution were certainly not half-hearted in their professed concern for the minorities. Certainly Bhim Rao Ambedkar, Abul Kalam Azad, Harendra C. Mukherjee and Jawaharlal Nehru looked forward to unity through harmony and concord and not through conformity and intolerance. When Netaji coined the expressions, Azad Hind or Jai Hind, he wanted to emphasize Sanskrit as well as Arabic (Iranic) elements in our speech and in our religion.

Whether the political or secular unity of India is a result of British rule or is an outcome of Indian modernism, this unity is a treasure which we must preserve and promote. That treasure will break into pieces if any single linguistic group indulges in a reign of terror in any one state. If, however, the sword is used to decide the future of any one language, that sword will inevitably make a shambles of our nation-state. Let


people all over India think in terms of our past as well as of future and come forward to advise and aid the Government when we are at the crossroads of history.

Calcutta—the city of Raja Rammohan Roy, Henry Louis Vivian Derozio and Mirza Galib—has the largest collection of different linguistic and religious communities, and almost from its beginning Calcutta has been symbol of Modern India both in commerce and culture. The people who earn their bread in Calcutta are thus mutually tolerant of each other's speech. The people of Calcutta feel distressed that elsewhere people speaking Nepali (Gorkhali or Khaskura), Santhali (Mundari or Oraon) or Bengali find themselves helpless and insecure because of their native speech. Thus a number of Calcutta citizens representing different religious and linguistic groups and subscribing to different ideologies, set up in October 1972 a Committee to call an All India Convention on Linguistic and Communal Harmony. On 17 November 1972 an All India Convention was accordingly held under the chairmanship of Hon'ble Sankar Prasad Mitra (C. J., Calcutta High Court) at the Ramakrishna Mission Institute of Culture which "seeks to present a proper interpretation and appraisal of India's cultural heritage." The convention was attended by delegates from Assam, Bihar, Haryana, Orissa and Punjab; among such delegates being Hon'ble Harihar Mahapatra (Judge of Patna) and Shri G. S. Rarewala (Amritsar). This convention set up a National Committee; Dr. G. S. Dhillon, Speaker, Lok Sabha, is among the patrons of the Committee.

The sacred duty of preservation and promotion of India's integrity can be discharged only it the other cultural and commercial centres, that is, the entire country, can be harnessed to this task. The proposed All India Convention at New Delhi will no doubt chalk out a programme and devise ways and means to save the unity of India. Fully cognizant of the material viability, that is, economic unity and of the moral viability, that is cultural unity, of the Republic of India, we have the sole objective of preserving and promoting the integrity of India. We thus believe in the rights of linguistic and religious components of the nation. If not repugnant to the cause of unity, every such group should have unfettered right to practise its own faith and to speak its own speech. Thus, in all fields, education or employment, culture or religion, there should be no restraint on freedom to speak in one's own way.

# Gandhism and Humanism

**M. N. Roy**




A very interesting report of "Gandhiji's Last Discussion with Fellow Workers" has just been published by Sri Pyarelal. The discussion took place "during the first half of December, 1947," that is to say, hardly two months before the great tragedy. I don't know if the Mahatrna had any premonition of what was coming. A psychic person who firmly believed that God was working through him could conceivably have such clairvoyance. It is all a matter of predisposition. In any case, what he said on that occasion seems to have come out of the depth of his heart, and therefore should be regarded as a part, if not the whole, of his testament.

For the moment, I do not propose to appraise the testament. That will have to be done some day for the sake of history and truth. Meanwhile, Sri Pyarelal's report makes it easy for me to answer a question which has of late been put to me repeatedly : What is the difference between Gandhiji's teachings and the so-called New Humanism? Am I not behaving like the biblical man who came to scoff and stayed to pray?

Until now, my public reply to the question has been begging it. I have simply suggested than the interrogator should judge, and if he believed than there was no difference between Gandhism and Humanism, I would not demur. I have all along bean a critic of Gandhism, frankly doubtful about the claim that it offers the only hope for mankind. If my doubt was proved to be unfounded, I would readily stay to pray. But I never came to scoff; my criticism and doubt have never been prejudiced or malicious. Even now, I do not feel that I was wrong, although I do feel a strong sympathy for those who are desperately trying to differentiate Gandhism from the practices of triumphant nationalism, which still professes to worship the Mahatma as its patron saint. That however does not mean that I have suddenly discovered Humanism in Gandhism. The sympathy is for an endeavour to stand by one's conviction.

The Mahatma did have some humanist tendency and he was a moralist. As such he has claimed my homage. But he was rather a humanitarian than a humanist. The Distinction is not generally made. The desire

to do good to all men without discrimination is very laudable. But it does not necessarily mean to place the highest values in man. The Mahatma did not regard man as the end in himself, but as the means for the operation of the purpose of God. This may be a sublime view of file; but it deprive man of freedom and sovereign creativeness. Therefore it is not humanism. Moreover, in this attitude of surrender to a superhuman will, one may find justification for having done what he would not do as a free agent.

In the last days of his life, the Mahatma was painfully conscious of having devinted from the path of truth and nonviolence. But the sublime attitude of surrender to a higher power enabled him to disown the responsibility for his awn action. Humanism leaves no such convenient loopholes; it holds man responsible for his action, and consequently offers greater guarantee against possible deviation from the chosen path of rectitude. It claims freedom, and deserves it by assuming responsibility. The Gandhist view of life offers the comfortable freedom from responsibility in return for the surrender of the freedom of human judgment.

Sri Pyarelal reports the Mahatma exclaiming penitentially : ''My eyes have now been opened. I now see that name of non-violence was not real non-violence. God had purposely scaled my eyes as he wanted to accomplish His great purpose through me. That purpose being accomplished, He has restored to me my sight.'' With this attitude, any human delinquency could be justified. It brings God down in the world of pragmatism, to be guided by the questionable maxim that the end justifies the means. Faith in God is the sheet-anchor of Gandhism. For that distinction, it may be regarded as superior to Humanism by the faithful. But others may differ. Here I do not raise that issue. Now the point is that, if God Himself endorses the maxim that the end justifies the means, how can it be rejected by Gandhism? What God does is good; man cannot be better than God. Yet, to have rejected the maxim, not only in theory but also in practice, is said to be one of the most distinctive merits of Gandhism. I have always been doubtful in this respect; now my doubt is borne out by the authority of the Mahatma himself.

The first principle of Gandhism—that man can only serve the purpose of God—caused the failure of the Mahatma's attempt to introduce morality in politics to "purify politics"—a failure admitted by himself and a number of his closest associates. For the same reason, religious moralists of all ages and all countries preached divine doctrines only to be set aside in practice by their professed followers. Humanism agrees with Gandhism as regards the importance of the purity of means; but its demand for morality in politics Is more uncompromising; and it holds that, so long as power remains the basic incentive of political practice, it cannot conform strictly with professed moral principles.

Gandhism also is supposed to reject power-politics. On this point, Sri Pyarelal's report throws a flood of light. In course of the discussion, the Mahatma is reported to have

said : "The conception of non-violence as the weapon of the strong must remain a chimera and a dream, and non-violence has no future as a world power and harbinger of universal peace, unless it could be shown to be capable of retaining and defending the power which it had helped to win; in other words, unless it could successfully act upon and guide power-politics." That is clear enough; Gandhism is not against power-politics; it would not participate in the practice directly, but only guide it. It is further admitted that it has been instrumental in the attainment of power (by a political party) and wants to prove its capacity to retain and defend power. Since admittedly Gandhism approved of political practice in pursuit of power, it could not insist upon the purity of means.

During the discussion, some of his followers advocated that true Gandhists (other than political Congressmen) should enter the Government to "use it for the purpose of building up a non-violent social order." The Mahatma disagreed, insisting upon the spread of *Nai Tallin* (new education) to create an atmosphere in which non-violence would triumph. New Humanism proposes to do the same. Is it not following in the footsteps of the Mahatma? He added that those who have come to power, thanks to the misuse of the instrument of non-violence and to the will of God that he should condone their questionable practice, they would hand over the power to him any time he wanted. But he would not. That does look like an act of supreme self-abnegation—not to be tempted by power when it is within reach. But there is another way of looking at it. He was the all-powerful. Why should he want more, which might indeed be less?

The Gandhist attitude towards political power became still clearer when the Mahatma proceeded to visualise the result of the *Nai Talim :* "By abjuring power and devoting ourselves to pure selfless service of the voters, we can guide and influence them. It would give us far more real power than we can have by going into the government. A stage may come when the people themselves may feel and say that they want us and no one else to wield power. The question could then be considered. I shall most probably be not alive then. But when that time comes, the Sanghs will produce from amongst them some one who will take over the reins of administration. By that time, India shall have become an ideal State."

Later on, he added : "We can send men of our choice without going into the government ourselves." And "Today we have our own Government. Under adult suffrage, if we are worth our salt, we should have that hold upon the people that whomsoever we may choose, should be returned." Then again, ''Suppose you don't take power but gain hold on the public, you will be able to return at the polls whomsoever you may wish. Forget membership (presumably of the ruling party of the government) so long as the voters are in your hand." Finally, the peroration : "Banish the very idea of capture of power and you will be able to guide power and keep it on the right path."

Why should king-makers bother for

kingship, which involves responsibility? Almightiness is irresponsible. To aspire for that status is hardly the same as to abjure power. The use of terms like "hold on the people," "choose our men," "guide power" is not accidental. Language is determined by the logic of the thought it expresses. And Sri Pyarelal testiiies that the words of wisdom that dropped from his lips on that occasion have an exceptional significance. They afford a glimpse into the working of his mind on the future role of constructive work in independent India as he envisaged it, and its relation to power-politics."

We also get a glimpse into the Ideal State of Gandhism. Someone (note the singular number) of the Gandhists will gather in his hand all the reigns of power as the result of a complete hold on the people, who would then do whatever they are told to do. That might be a non-violent social order, although it will be based on emotional coercion (otherwise the total regimentation of opinion will not be possible). But it hardly will be a democratic or humanist social order. The Gandhist social order is the terrestrial reflection of the teleological world order. In the latter, man is the vehicle for the operation of a super-human Divine purpose. In the former, the citizens will blindly follow their non-violent rulers or a Benevolent Despot. It will indeed be a return to the legendary Ram Raj.

As against the teleological first principle of Gandhism, the fallacy of its ethics deduced therefrom and its consequent failure in practice, Humanism rests its ethics on the rationality of man. The purpose of its practice, therefore, is to make man progressively conscious of his innate rationality and be guided by it in all his behaviour. Gandhism would teach man to surrender his freedom of judgment to the inscrutable Divine Will, believing that goodness results from that attitude. It regards man only as an instrument, a means, not the end. Humanism does not recognise any metaphysical power to which man must be subordinated. Its ethics is based upon rationality, which is the essence of human nature. It declares that man as man can be moral, and therefore political practice being a form of human activity, can be guided by moral principles.

Humanism reaches the same conclusion also from its attitude to power. Uncompromising criticism of power-politics leads it to the rejection of party-politics. In that position, political practice can do without the incentive of power. In the absence of that corrupting agency, morality in political practice becomes possible. Power, in as much as it means ability to do things, is not necessarily corrupting. Centralisation of power is an evil. In the Gandhist ideal State, power will be concentrated in the hand of "someone." That is the extremist form of centralisation. In view of the fact that each human being is possessed of unlimited potentialities, Humanism can visualise a social order in which power will be progressively decentralised, until it is equally distributed. That in short is the difference between Gandhism and Humanism.

# বিচিন্তা

## ভবানীপ্রসাদ চট্টোপাধ্যায়

।। এক ।।

১১ সেপ্টেম্বর ২০০১। আমেরিকার বৈভব এবং তজ্জনিত অধিকারকে অপ্রত্যাশিতভাবে আঘাত করেছিল তালিবান নেতা ওমর বিন লাদেন। এক সময় এই লাদেনকেই পুষ্ট করেছিল আমেরিকা। প্রশ্রয় দিয়েছিল তাকে হিংসার শক্তিকে প্রবল থেকে প্রবলতর করতে। অর্থে, বিজ্ঞানের অনুগ্রহপ্রাপ্ত মারণাস্ত্রের ভাণ্ডারে ওমর বিন লাদেন আজ প্রবল প্রতাপান্বিত ব্যক্তি। অ-ইসলামীদের প্রচণ্ড বিরোধী, আত্মঘাতী বাহিনীর দ্বারা সমৃদ্ধ এই তালিবান নেতা আমেরিকাকে 'সমুচিত জবাব' দেবার জন্য, এই দিনটি বেছে নিয়েছিল। এক কাকতালীয় ঘটনা। অদৃষ্টের পরিহাস। ভারতবর্ষের কোথাও কোথাও এই দিনটিতে অহিংসার তন্নিষ্ঠ আচার্য বিনোবা ভাবের জন্মদিন পালিত হচ্ছিল।

একজন প্রশ্ন করেছিলেন : গান্ধীজি যদি আজ বেঁচে থাকতেন তাহলে এই ঘটনায় তাঁর কি প্রতিক্রিয়া হত? আজ সেকথা একেবারেই অনুমানসাপেক্ষ। তবে অনুমানের একটি সূত্র অবশ্যই আছে। ১৯৪৫ সালে জাপানের হিরোসিমায় যখন এ্যাটম বোমা পড়েছিল তখন বিশ্ববাসী এই নতুন মারণাস্ত্রের শক্তি দেখে হতবাক হয়ে গিয়েছিল। হিংসা শক্তির এই প্রচণ্ডতা দেখে অনেকেই মনে করেছিলেন যে মানুষের জীবন থেকে নিশ্চয় অহিংসা চিরদিনের জন্য বিলুপ্ত হয়ে যাবে। অহিংসা এক অতীতের বস্তু হয়ে গিয়েছে। এরকম প্রশ্নও গান্ধীজিকে করা হয়েছিল। উত্তরে গান্ধীজি জানিয়েছেন— "I regard the employment of the atom bomb for the



wholesale destruction of men, women and children as the most diabolical use of science. What is the antidote? Has it antiquated non-violence? No. On the centrary, non-violence is the only thing that is now left in the fied. lt is the only thing that the atom bomb cannot destroy. I did not move a muscle when I first heard that the atom bomb had wiped out Hiroshima. On the contrary, I said to myself, 'Unless the world adopts non-violence, it will spell certain suicide for

mankind.'" (Harijan, 29.9.46)

অর্থাৎ, নারী-শিশু নির্বিশেষে সকল মানুষের ধ্বংসের জন্য এ্যাটম বোমার ব্যবহারকে আমি বিজ্ঞানের পৈশাচিক প্রয়োগ বলেই মনে করি। এটি কি অহিংসাকে বাতিল করে দিয়েছে? না। পক্ষান্তরে এখন একমাত্র অহিংসাই এই ক্ষেত্রে অবশিষ্ট আছে। এটি একমাত্র মতবাদ যেটিকে এ্যাটম বোমা ধ্বংস করতে পারে না। আমি যখন প্রথম শুনেছিলাম যে এ্যাটম বোমা হিরোসিমাকে নিশ্চিহ্ন করে দিয়েছে তখন আমি এতটুকু উত্তেজিত হইনি। পক্ষান্তরে, আমি মনে মনে বলেছিলাম, "এখন পৃথিবী যদি অহিংসাকে অবলম্বন না করে তাহলে মানবজাতি নিশ্চিতরূপে আত্মহত্যাকেই বরণ করে নেবে।"

মনে হয় আজ যদি গান্ধীজি বেঁচে থাকতেন তাহলে লাদেন বাহিনীর কর্মকাণ্ড এবং আমেরিকা ও তার সাগরেদদের প্রতিশোধস্পৃহা দেখে তিনি হয়তো সেদিনকার কথার পুনরুক্তি করে বলতেন যে সমষ্টি-হননে হিংসার এই প্রয়োগ হিংসাকে নির্মূল করতে পারবে না, অহিংসার প্রয়োজনকেও দূর করতে পারবে না : এর দ্বারা বহুবার প্রমাণিত "হিংসা বৃহত্তর হিংসাকে জন্ম দেয়, সৃষ্টি করে প্রতিহিংসার মনোভাব" এই কথা আবার প্রমাণ করে এবং "হিংসাকে স্তিমিত করতে পারে একমাত্র অহিংসা"—এই বিশ্বাসকেও জোরদার করে দেয়।

একথা ঠিক যে হিরোসিমার পর (১) মানবজাতি হিংসাকে পরিহার করেনি, (২) মানবজাতি অহিংসাকে গ্রহণ করেনি, এবং (৩) মানবজাতির আত্মহত্যা এখনও সংঘটিত হয়নি। তাহলে কি গান্ধীজির সেদিনকার সতর্ক বাণী মিথ্যা হয়ে গেল? প্রশ্নগুলি সম্পর্কে গভীরভাবে ভাবার দরকার আছে।

হিংসা মানুষের স্বভাবজ। পশুর কাছে আত্মরক্ষার একমাত্র অস্ত্র হিংসা—দাঁত, নখ, শিং হল তাদের অস্ত্র। মানুষ যখন উন্নত পশু, তার সৃষ্টি পশুর উত্তরণে, তখন তাদের মধ্যে হিংসা তো থাকবেই। কিন্তু যেহেতু প্রখর উন্নত অবাধ শক্তি আছে বলেই সে উন্নত, তাই হিংসাকে নিয়ন্ত্রণ করার, হিংসাকে অতিক্রম করবার শক্তিও তার মধ্যে থাকা স্বাভাবিক। বস্তুত সমাজবদ্ধ হওয়ার মধ্যেই মানুষের অহিংসার অনুসরণ হয়ে থাকে। তার জন্য তাকে চেষ্টা করতে হয় না। কিন্তু আত্মরক্ষার জন্য, অন্যায়ের প্রতিবাদ করবার জন্য এবং আক্রমণ করবার জন্য মানুষ এখনও অহিংসাকে গ্রহণ করেনি; হিংসাই তার কাছে একমাত্র গ্রাহ্য এবং গ্রহণীয় বস্তু। সুতরাং হিংসার শক্তিকে প্রবল থেকে প্রবলতর করার প্রবণতা তার মধ্যে পরিদৃশ্যমান। তাই-ই সে করে চলেছে। এর অন্তিম পরিণাম কী তা যাঁরা হিংসার পথকেই একমাত্র পথ বলে মনে করেন তাঁরা জানেন। তাই তাঁরাও তা পরিহার করতে চান, কিন্তু পারেন না। আর তা না পারার ফলে মানবজাতি যে দ্রুত আত্মহত্যার দিকে এগিয়ে চলেছে তাতে কোনও সন্দেহ নেই। চরম শক্তিধর অস্ত্র যেমন তৈরি হয়েছে, তেমনই আত্মঘাতী বাহিনীও ক্রমশই তৎপর হয়ে উঠেছে। এই যোগই আত্মহননকে ত্বরান্বিত করে দেবে এবং দিচ্ছে। আর এইখানেই সাবধানবাণীর সার্থকতা।

গান্ধীজি অহিংসাকে পরিচিত গণ্ডি থেকে বার করে এনেছিলেন। হিংসাকে কাপুরুষতার চেয়ে শ্রেয়তর বলে গণ্য করেছিলেন, সর্বপ্রকার শোষণ ও শাসনকে হিংসার প্রকাশ বলে ঘোষণা করেছিলেন। এই সবই জানা কথা, অন্তত তাঁদের কাছে যাঁরা গান্ধীজির এই পরিচিত অহিংসাকে আত্মস্থ করেছে। কিন্তু গান্ধীজি এতেই থেমে থাকেননি। তিনি অহিংসার আরও ব্যাপক ও বিস্তৃত প্রয়োগের কথা বলেছিলেন। উদ্ধৃত সাবধান বাণীতে তার স্পষ্ট ইঙ্গিত আছে। তিনি বলেছিলেন, "এখন একমাত্র অহিংসাই এই ক্ষেত্রে অবশিষ্ট আছে।" গান্ধীজি বলতে পারতেন যে একমাত্র অহিংসাই অবশিষ্ট আছে। তিনি 'এই ক্ষেত্রে' কথাটি কেন সংযোজন করেছিলেন? এই ক্ষেত্র বলতে তিনি কোন্ ক্ষেত্রের কথা বলেছিলেন? তার উত্তর যে প্রসঙ্গে কথাটি বলেছিলেন এবং 'এখন' শব্দটি থেকে পাওয়া যায়। 'এখন' বলতে অবশ্যই এ্যাটম বোমার মতো মারাত্মক অস্ত্র প্রয়োগের কথা তিনি বোঝাতে চেয়েছিলেন এবং

'এই ক্ষেত্রে' বলতে তিনি বোঝাতে চেয়েছিলেন ঐ মারণাস্ত্রটি ব্যবহারের প্রয়োগ ক্ষেত্রটি। বস্তুত এ্যাটম বোমা ব্যবহার করা হয়েছিল যুদ্ধে জয়লাভের শেষ অস্ত্র রূপে, শত্রু নিধনের উদ্দেশ্যে। আধুনিক যুদ্ধ প্রক্রিয়ায় শত্রুর সঙ্গে সম্মুখ সমর খুব কমই হয়, শত্রু সৈন্য অবশ্যই নিধন হয় এবং তার চেয়েও বেশি হতাহত হয় শত্রু দেশের নিরীহ মানুষেরা, কেবল সেই দেশের অধিবাসী হওয়ার 'অপরাধে'। অর্থাৎ বর্তমান যুদ্ধে—যুদ্ধের অর্থ নিজের বা নিজেদের মতকে অপরের উপর জোর করে চাপিয়ে দেওয়া—হনন ও ধ্বংস কার্যটিই প্রধান, শত্রুর মনে ক্ষতি সাধনের ভীতি প্রদর্শনই মূল লক্ষ্য। যুদ্ধের এই উদ্দেশ্য ও ক্রিয়াকেই গান্ধীজি 'এই ক্ষেত্রে' বলে উল্লেখ করেছিলে। তাঁর এই কথা থেকে এমন সিদ্ধান্ত অনুমান করা ভুল হবে না যে গান্ধীজি যুদ্ধকে বাতিল করতে চাননি, তিনি বলেছিলেন যে হিংসার শক্তি নিয়ে আর যুদ্ধ করা যাবে না, যুদ্ধের ক্ষেত্রেও অর্থাৎ নিজের বা নিজেদের মতকে অপরকে দিয়ে মানিয়ে নেওয়ার ক্ষেত্রেও (মনে রাখতে হবে, এই ক্ষেত্রেও অর্থাৎ অন্যান্য ক্ষেত্রে তো বটেই) অহিংসাকে প্রয়োগ করতে হবে। বলা বাহুল্য, অহিংস যুদ্ধ সোনার পাথরবাটির মতো। যেখানে যুদ্ধের অর্থ হানাহানি, কাটাকাটি; সেখানে অহিংসা শব্দটি প্রযুক্ত হতে পারে না। বিরোধিতার সম্মুখীন হওয়ার অহিংস প্রক্রিয়া হল সত্যাগ্রহ। গান্ধীজি সেদিন এই কথাই বলেছিলেন, যুদ্ধ চাই না, যুদ্ধের বদলে চাই সত্যাগ্রহ। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে সোভিয়েত রাষ্ট্রের পালা বদলের পর রাশিয়ার এক রাষ্ট্রনায়ক বলেছিলেন যে পরমাণু যুদ্ধ জয় করা যায় না, তাই তা করাও যায় না। ঠিক কথা, অথচ পরমাণুকে তো আজ বাদ দেওয়া যাবে না। তাই এসব যুদ্ধই আর করা যায় না—এমন কথাই বলতে হবে। আর সেখানেই অহিংসার কার্যকারিতা। গান্ধীজি সেদিন সেই কথারই ইঙ্গিত করেছিলেন। আমেরিকার সাম্প্রতিক ঘটনায় গান্ধীজি জীবিত থাকলে সেই কথাই বলতেন।


### ।। দুই ।।

মে ২০০১। পশ্চিমবঙ্গে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। সংবাদ মাধ্যমগুলি এমন ইঙ্গিত দিয়েছিল যে এবারে নির্বাচনে পালাবদলের সম্ভাবনা প্রবল। ক্ষমতাধিষ্ঠিত দল পরাজিত হবে এবং বিরোধী দল ক্ষমতা দখল করবে— এমন একটা ভাবনার নির্বাচকমণ্ডলীর মধ্যে আশা-নিরাশা জেগে উঠেছিল। এবং সেই সঙ্গে এই আশঙ্কা এবং ভীতিও প্রবল হয়েছিল তাদের মনে যে এবারের নির্বাচনে হিংসা প্রচণ্ডভাবে সংঘটিত হবে। প্রকৃতপক্ষে বেশ কয়েক বছর আগে কয়েকটি নির্বাচনে হিংসা নানাভাবে প্রত্যক্ষ হচ্ছিল— বুথ দখল, ছাপ্পা ভোট, ভোটারদের ভোট দানে বাধা দান, প্রার্থীদের সমর্থনে-বিরোধিতায়, খুনোখুনি ইত্যাদি অনেক রকম হিংসাত্মক কাণ্ড প্রত্যক্ষ হচ্ছিল নানা স্থানে। এই বারের নির্বাচনে সেটি ব্যাপক আকারে দেখা দেবে এবং নির্বাচকমণ্ডলী স্বাধীনভাবে ভোট দিতে পারবে না, এই আশঙ্কায় সকলে ভীত ছিল। আর সেজন্য সকলেই চাইছিলেন যে ভোটকে অবাধ এবং শান্তিপূর্ণ করতে সরকার যেন বেশি করে পুলিশ এবং সেনাবাহিনী নিয়োগ করে। প্রকৃতপক্ষে বর্তমানে ভারতবর্ষে গণতন্ত্র এক প্রহসনে পরিণত হয়েছে। কেননা অর্থশক্তি ও পেশীশক্তির নিপীড়নে গণতন্ত্র থেকে গণ হারিয়ে গিয়েছে। ভারতবর্ষে নির্বাচনের ফলাফলে গণমত অনেকাংশেই অপ্রত্যক্ষ থেকে যাচ্ছে। ভারতবর্ষ গণতান্ত্রিক দেশ বলে আমাদের মনে যত গর্ব বোধই থাক না কেন তার মধ্যেও যে ন্যূনতাগুলি রয়েছে তা নিয়ে অনেকেই মনে মনে ব্যথিত এবং ক্ষুব্ধ। কিন্তু এবারের নির্বাচনের সময় মানুষের মন যেভাবে গণতন্ত্রকে রক্ষা করার জন্য রাষ্ট্রশক্তির—রাষ্ট্র হল পুঞ্জীভূত হিংসা—উপর নির্ভরশীল হয়ে পড়েছিল তা বুথ দখল, ছাপ্পাভোট প্রভৃতির চেয়েও বেশি বিপজ্জনক। গণতন্ত্র রাজতন্ত্র এবং স্বৈরতন্ত্রের চেয়ে অনেক ভাল, তাতে কোনও সন্দেহ নেই। গণতন্ত্রে ভোটদান নাগরিকদের একটি অধিকার এবং কর্তব্যও। যেমন মাতৃদুগ্ধ পানে শিশুর

অধিকার এবং শিশুকে দুগ্ধপান করানো মায়ের কর্তব্য। এই অধিকার অর্জন এবং কর্তব্য পালন যদি হিংসা শক্তির আশ্রিত হয়ে যায় তবে তার চেয়ে বড় দুর্ভাগ্য আর কী হতে পারে? গণতন্ত্রকে রক্ষা করতে মানুষের মন আজ যেভাবে হিংসা শক্তির আশ্রয় যাচনা করছে তা যে আগামী দিনে স্বৈরতন্ত্রের পথকে সুগম করে দেবে তাতে কোনও সন্দেহের অবকাশ নেই। এই পরিস্থিতিতে যে প্রশ্ন উত্থিত হয় তা হল গণতন্ত্রকে রক্ষা করা যাবে কী করে, যাতে গণতন্ত্র আজকের মতো ধর্ষিত হতে থাকবে না এবং মানুষের মন গণতন্ত্রকে বাঁচাবার জন্য মনে মনে গণতন্ত্রের সমাধি রচনা করবে না।

মনে হয় এমন যে হতে পারে সেকথা অনুধাবন করতে পেরেছিলেন গান্ধীজি। যেটিকে তাঁর 'Last Will and Testament' বলা হয়, মৃত্যুর এক দিন আগে তিনি তাঁর যে অন্তিম ইচ্ছা লিপিবদ্ধ করেছিলেন, যাতে তিনি রাজনৈতিক সংগঠনরূপে কংগ্রেসের অবলুপ্তি চেয়ে লোকসেবক সংঘ গঠনের কথা বলেছিলেন, তাতে তার প্রয়োজন সম্পর্কে বলতে গিয়ে তিনি বলেছিলেন— "The struggle for the ascendancy of civil over military power is bound to take place in India's progress towards its democratic goal." অর্থাৎ, ভারতবর্ষের গণতান্ত্রিক প্রগতিকে সামরিক শক্তির উপর অ-সামরিক শক্তির প্রভুত্ব স্থাপনের জন্য সংগ্রাম অনিবার্য।

ভারতবর্ষে সেই সংগ্রামই শুরু হয়ে গিয়েছে। আমরা তা বুঝতে পারছি না। প্রচলিত গণতন্ত্রকে, যা প্রকৃত অর্থে জনতাতন্ত্রে (mobocracy) পরিণত হয়ে গিয়েছে, তাকেই কিছুটা সংশোধন করতে চাইছি। আমরা বুঝতে চাইছি না হিংসা এবং গণতন্ত্রের সহাবস্থান হতে পারে না। আমাদের একটিকে গ্রহণ এবং অন্যটিকে বর্জন করতে হবে। কিন্তু কে করবে, বেড়ালের গলায় ঘণ্টা বাঁধবে কে?



।। তিন ।।

আগস্ট ২০০১। একটি সেমিনারের বিষয় ছিল : 'জীবনযাত্রার মান এবং ভোগবাদ— রবীন্দ্রনাথ, বিবেকানন্দ, গান্ধী এবং অমর্ত্য সেনের দৃষ্টিতে'। এই তিন বিরাট পুরুষের সঙ্গে নোবেল পুরস্কারপ্রাপ্ত অমর্ত্য সেনের নাম যুক্ত করা কতটা সমীচীন তা নিয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক। প্রথম জন আনন্দলোকের যাত্রী, দ্বিতীয় জন অধ্যাত্ম জগতের দূত। তৃতীয় জন কর্মযোগী আর অমর্ত্য সেন অর্থনীতির মানুষ। একথার অর্থ এই নয় যে রবীন্দ্রনাথ অধ্যাত্মলোকে বিচরণ করেননি বা কর্মের সঙ্গে তাঁর কোনও যোগ ছিল না। আবার বিবেকানন্দ আনন্দ সাধনা থেকে বা কর্মের ধারা থেকে দূরে ছিলেন। অথবা গান্ধীর কর্মে আনন্দ এবং আধ্যাত্মিকতার কোনও যোগ ছিল না। প্রকৃতপক্ষে আনন্দ, অধ্যাত্ম এবং কর্মের যোগেই মানুষের ব্যক্তিগত ও সামাজিক জীবন সার্থক হতে পারে। জীবনের সার্থকতা এবং জীবনযাত্রার মান কখনই এক নয়। জীবনযাপন সুখকর হোক তাতে কারও আপত্তি থাকার কথা নয়, যদিও

সুখের অভিধা নিয়ে বিতর্ক থাকতে পারে। তেমনই জীবনযাত্রার মান উন্নয়নের কোনও নির্দিষ্ট মাপকাঠি (yardstick) নেই। 'সর্বে সুখিনো ভবন্তু' এই আপ্তবাক্যে যে গুহ্য কথাটি আছে তা হল এই যে সকলের সুখ বিধানে কোনও কিছুতেই আপত্তি নেই, কিন্তু তার শর্তটা হল এই, তা যেন সকলের কাছে প্রাপণীয় হয়। কেউই যেন তা থেকে বঞ্চিত না থাকে। এই তত্ত্বটি মেনে নিলে জীবনযাত্রার মান উন্নয়নকে জীবনের মানের সমীকরণ করার প্রয়োজন হয়ে পড়ে। আর যেখানে জীবনের মানের প্রশ্ন সেখানে ভোগবাদের কোনও প্রশ্ন থাকে না, এটি নীতির কথা—ইংরাজিতে থাকে 'মর‍্যালিটি' বা 'এথিক্‌স্' বলা হয়। বস্তুত মরালিটি এবং এথিক্‌সের মধ্যে যে সূক্ষ্ম পার্থক্য তা বোধগম্য হয় না। বাংলায় দুটির অর্থই এক। অমর্ত্য সেন নীতি নিয়ে মাথা ঘামাননি। তবে তিনি কল্যাণব্রতী অর্থনীতি (welfare economy)-র কথা বলেছেন। কল্যাণ করার মধ্যে ক্ষুদ্র স্বার্থ সঙ্কুচিত হয়ে যায়, আর তাই হল নীতির প্রথম পাঠ। গান্ধীজি বলেছিলেন পথের অনুসন্ধান এবং নির্ভয়ে তার অনুসরণই হল নীতি। বলেছিলেন, যে কাজ মানবজাতির পক্ষে ভাল তা-ই হল ধর্ম এবং নীতি। এই ধর্মনীতির সঙ্গে ভোগবাদের কোনও সম্পর্ক নেই। বরং বলা যায় যে এই দুটির মধ্যে দুই মেরুর ব্যবধান। কেননা ভোগবাদের পৃষ্ঠভূমি হল জীবনের মূল্যকে অবহেলা করে তথাকথিত সুখের জন্য জীবনযাত্রার মানকে তথাকথিত উন্নত করা। এর সাধনমার্গ হল প্রতিযোগিতা, যার সন্তান (offspring) হল প্রতিহিংসা। প্রতিহিংসা থেকে জন্ম নেয় হিংসার ধারাবাহিকতা।

তাহলে? এই তাহলেকে নিয়ে চিন্তা। যুদ্ধকে বাতিল করতে হলে, গণমতকে যথাযথ প্রকাশ করতে হলে, জীবনকে সুখকর করতে হলে ভোগবাদকে এড়িয়ে চলতে হবে। ভোগকে ত্যাগের দ্বারা পরিশ্রুত করতে হবে—তেন ত্যক্তেন ভুঞ্জীথা।

*সৌজন্যে* : 'লোকস্বরাজ', জানুয়ারি, ২০০২

# আতঙ্কবাদীর মনস্তত্ত্ব

**অরূপ মজুমদার**

গত ১১ সেপ্টেম্বর মুষ্টিমেয় আতঙ্কবাদী আমেরিকায় প্রচণ্ড আঘাত হানল। নিউইয়র্ক-এর ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (WTC) এবং পেন্টাগনে যেভাবে ভয়াবহ ধ্বংসকাণ্ড ঘটাল তা দেখে বিশ্ববাসী স্তম্ভিত। বিশ্বের সবচাইতে শক্তিশালী দেশ আমেরিকা আতঙ্কবাদীদের অতর্কিত আক্রমণে হতবুদ্ধি এবং দিশেহারা, প্রকৃত অর্থে কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েছিল। সেদিনের সেই ব্যাপক ধ্বংসলীলার পর সারা দেশ জুড়ে শোকের ছায়া নেমে এসেছিল। সেদিন যারা আমেরিকার দর্প চূর্ণ করতে চূড়ান্ত আঘাত হেনেছিল, তাদের শাস্তি দিতে আমেরিকা আজ বদ্ধপরিকর। আমেরিকা আফগানিস্তানে তালিবানদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে তারা আপাতত তালিবানদের শায়েস্তা করেছে মনে হতে পারে; আতঙ্কবাদীদের নাটের গুরু ওসামা বিন লাদেন-এর উপরও মৃত্যু পরোয়ানা জারি করেছে। কিন্তু কৌতুকের বিষয় হল যে—আতঙ্কবাদীরা ঘটনার সঙ্গে সেদিন প্রত্যক্ষভাবে যুক্ত ছিল এবং ধ্বংসলীলায় অংশগ্রহণ করেছিল, তারা আজ ধরাছোঁয়ার বাইরে অর্থাৎ পৃথিবীতে আর নেই। আর যারা সগর্বে ঘোষণা করেছে যে তাদের জীবনের কোনও দাম নেই, তাদের আমেরিকা মৃত্যুদণ্ড দিতে চাইছে। যারা জীবনে কোনও দিন ঘর বাঁধবার স্বপ্ন দেখেনি, তাদের ঘর ভাঙতে চাইছে। এর থেকে কৌতুকের আর কী হতে পারে?

গত ১১ সেপ্টেম্বর কী ঘটেছিল। এত বড়ো একটা ধ্বংসকাণ্ডে কোনও কামানের গর্জন শোনা যায়নি। এমনকি বন্দুকের একটা গুলিও খরচা হয়নি। গুটিকতক আতঙ্কবাদী হাতে একটা করে ছুরি নিয়ে আমেরিকার চারটি যাত্রীবাহী বিমান ছিনতাই করে বিমান চালকদের ভয় দেখিয়ে হোক বা যেভাবেই হোক অভিভূত করে নিজেরা সেই বিমান চালিয়ে নিয়ে একের পর এক ওয়ার্ল্ড ট্রেড সেন্টার-এর দুটি আকাশচুম্বী অট্টালিকায় গিয়ে প্রচণ্ড বেগে আঘাত হানে। অট্টালিকা থেকে আগুনের গোলা ছিটকে বেরিয়ে আসে এবং কয়েক মুহূর্তের মধ্যে অট্টালিকা দুটি তাসের ঘরের মতো মাটিতে লুটিয়ে পড়ে। ফলে কয়েক সহস্র কর্মব্যস্ত নিরীহ মানুষ ধ্বংসস্তূপের তলায় চাপা পড়ে নিশ্চিহ্ন হয়ে যায়। আমেরিকার বুকে এই বিধ্বংসী নাটকের


ধ্বংসের পর ওয়ার্ল্ড ট্রেড সেন্টার

শুরু থেকে যবনিকাপাত ঘটতে সময় লেগেছিল খুব বেশি হলেও মাত্র ৩০ মিনিট।

প্রকৃত অর্থে একেই বলা হয় মানব-বোমা, যা আগ্নেয়াস্ত্র থেকে অনেক বেশি শক্তিশালী। কিন্তু কী সেই শক্তি যার প্রেরণার ফলে একটা রক্তমাংসের মানুষ (মনঃসম্পন্নও বটে) অনায়াসে একটি বোমায় রূপান্তরিত হয়ে যায়? এই প্রসঙ্গে প্রয়াত নকশাল নেতা চারু মজুমদারের কথা স্মরণ করা যায়। তিনি নাকি বিপ্লবীদের সভায় একটা কথা জোরের সঙ্গে বলতেন, '' 'Dare to sacrifice'! আত্মরক্ষার কথা চিন্তা করো না; আত্মরক্ষার চিন্তা থেকেই আগ্নেয়াস্ত্রের উপর নির্ভরশীলতা বৃদ্ধি পায়। তাই খালি হাতে শ্রেণীঘৃণার দ্বারা উদ্দীপিত হয়ে শ্রেণীশত্রুর উপর ঝাঁপিয়ে পড়ো। নিজের জীবনের বিনিময়ে শ্রেণীশত্রুকে খতম করো।''

জীবনের প্রতি ভালবাসা (biophilia) মনস্তত্ত্বের একটা দিক্। অপর দিকে আছে মৃত্যুর প্রতি আকর্ষণ (necrophilia)। জীবন ও জগৎ সম্পর্কে চরম ঘৃণা থেকে মর্তুকাম মানসিকতার জন্ম। এই মর্তুকাম মানসিকতা একটা মানুষের জীবনকে আকস্মিকভাবে গ্রাস করে না। এর একটা ঐতিহাসিক, সামাজিক, প্রাত্যহিক এবং মনস্তাত্ত্বিক পটভূমি আছে। কিন্তু সমস্যাটা অন্যত্র। সেটা হল এই আত্মঘাতী মানসিকতাকে অধিকাংশ ক্ষেত্রে আত্মত্যাগ, আত্মাহুতি, আত্মোৎসর্গ ইত্যাদির সঙ্গে একাকার করে দেখা হয়। এর ফলে আত্মহত্যার মানসিকতাকে যথাযথভাবে বুঝবার পক্ষে সমস্যার সৃষ্টি হয়।

আতঙ্কবাদের অপর নাম সন্ত্রাসবাদ। বিভিন্ন দেশে স্বাধীনতা আন্দোলনের ইতিহাসে সন্ত্রাসবাদের ভূমিকা আছে। এই সন্ত্রাসবাদী ক্রিয়াকলাপ আপাতদৃষ্টিতে সদর্থক মনে হলেও শেষ বিচারে বৈনাশিকতার জন্ম দেয়। আমাদের দেশেও মুক্তি আন্দোলনে গান্ধীজির অহিংস সত্যাগ্রহের পাশাপাশি বিচ্ছিন্নভাবে সন্ত্রাসবাদী আন্দোলন সংঘটিত হয়েছে। অনেক সন্ত্রাসবাদী দেশমাতৃকার মুক্তির জন্য নির্দ্বিধায় প্রাণ উৎসর্গ করেছেন। যদিও এই সন্ত্রাসবাদী আন্দোলন দেশের মুক্তির জন্য কতটা সহায়ক হয়েছিল—এ বিষয়ে মতান্তর আছে। তাছাড়া এই সন্ত্রাসবাদী মানসিকতার স্বরূপ জানবার জন্য পুঙ্খানুপুঙ্খ মনস্তাত্ত্বিক বিশ্লেষণের অপেক্ষা রাখে।

সন্ত্রাসবাদের সক্রিয় অভিযান হিংসাত্মক এবং ধ্বংসাত্মক (nihilistic) পথে চালিত হয়। কিন্তু সকল প্রকারের সন্ত্রাসবাদী অভিযান চালিত হয় একটি তথাকথিত মহৎ উদ্দেশ্যকে সামনে রেখে। কখনও জাতীয়তাবাদ, কখনও ধর্মের নামে, কখনও বা বিশেষ কোনও মতাদর্শ বা আইডিওলজির প্রতিষ্ঠার উদ্দেশ্যে। রুশ বিপ্লবের কালে রাশিয়ায় বলশেভিকরা তাদের বিরোধীদের এবং পরে কম্যুনিস্টরা হিটলার-এর জঙ্গী নাৎসীদের হিংসাত্মক কার্যকলাপকে শ্বেতসন্ত্রাস (white terror) নামে অভিহিত করেছিল; তাই তাদের অভীষ্ট ছিল to combat their white terror by red terror, অর্থাৎ লাল সন্ত্রাস সৃষ্টি করে শ্বেত সন্ত্রাসকে পরাস্ত করতে হবে। পরিশেষে শ্বেত সন্ত্রাস পরাস্ত হল এবং সগর্বে মহা সমারোহে সর্বগ্রাসী লাল সন্ত্রাস তার নখ দন্ত বিস্তার করে প্রতিষ্ঠিত হল। এবং সেই লাল সন্ত্রাসের আগুনে দগ্ধ সহস্র লক্ষ প্রাণ নিশ্চিহ্ন হয়েছে—ইতিহাসই তার সাক্ষী। তাই সমস্ত ধরনের সন্ত্রাসবাদের মতোই কম্যুনিস্ট লাল সন্ত্রাসবাদও বৈনাশিকতাবাদী।

অনগ্রসরতা, দারিদ্র্য এবং অশিক্ষাই ইউটোপীয় আদর্শবাদ প্রচারের প্রকৃষ্ট ভূমি। এই ভূমি গণতন্ত্রের চাইতে স্বৈরতন্ত্র প্রতিষ্ঠার পক্ষেই প্রশস্ত। অনগ্রসরতা, দারিদ্র্য এবং অশিক্ষা মানুষকে হীনমন্য করে তোলে। ফলে নিজের সম্পর্কে অশ্রদ্ধা ও ঘৃণা জন্মায়। অনগ্রসরতার কারণ খুঁজে তা দূর করার বিষয় অন্বেষণ করার মতো আত্মবুদ্ধির উপরে শ্রদ্ধা না থাকায় তারা কম্যুনিজম্-এর মতো কোনও ইউটোপীয় মতাদর্শের

প্রতি আকৃষ্ট হয়। কোনও ইউটোপিয়াকে মর্ত্যে প্রতিষ্ঠা করার চেষ্টাই মূঢ়তা। মূঢ়তা থেকে জন্ম নেয় হিংসাত্মক উপায়ে তাড়াতাড়ি লক্ষ্যে উপনীত হবার দুরাগ্রহ। তখন হিংসার লক্ষ্যবস্তু হয়ে দাঁড়ায় কখনও বা শ্রেণীশত্রু, কখনও বা মার্কিন সাম্রাজ্যবাদ। সেই সন্ত্রাসকেই বলা হয় লাল সন্ত্রাস। এই লাল সন্ত্রাসের ভয়াবহ চিত্র পাওয়া যাবে আলেকজান্ডার সলঝেলিৎসিন-এর সাহিত্য সৃষ্টির ছত্রে ছত্রে, বিশেষত 'গুলাগ আর্কিপেলাগো' গ্রন্থে।

ভারতবর্ষের সমস্ত কম্যুনিস্ট দলগুলি অদ্যাবধি মার্কিন সাম্রাজ্যবাদকে ধ্বংস করার জন্য মাঠে ময়দানে মিছিলে স্লোগানের ঝড় তোলে। একদা এ দেশের কম্যুনিস্টরা পেন্টাগন গুঁড়িয়ে দেওয়ার স্বপ্ন দেখত। পেন্টাগনের সদর দপ্তরে কামানদাগার জন্য বিশ্বের নিপীড়িত মানুষকে উত্তেজিত করতে চাইত। তারা তাদের স্বপ্ন বাস্তবায়িত করতে না পারলেও আজ ইসলামি আতঙ্কবাদীরা তাদের সে স্বপ্নকে সফল করেছে। তাদের অসমাপ্ত কাজকেই আতঙ্কবাদীরা আজ বাস্তবে রূপায়িত করল, সেই কারণে কম্যুনিস্টরা প্রকাশ্যে না বললেও ভিতরে ভিতরে উল্লসিত। সুতরাং এই হিংসাত্মক আতঙ্কবাদের নৈতিক দায়িত্ব কম্যুনিস্টরা স্বীকার করতে না চাইলেও প্রকৃত অর্থে তাদের একটা দায়িত্ব আছে। কারণ, এতকাল ধরে বিপ্লবের দ্বারা তাদের কল্পিত স্বর্গরাজ্য তথা ইউটোপিয়া প্রতিষ্ঠার নামে তারা হিংসাত্মক কার্যকলাপকে এক ধরনের নৈতিক মর্যাদা দিতে চেয়েছে। মার্কসবাদী সিদ্ধান্ত হল, রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির যুক্তিতে হিংসাত্মক রণনীতি ইতিহাসের নির্দেশ তথা সামাজিক নিয়মসম্মত (social and historical laws)।

দৈনিক সংবাদপত্রে পাতা ওলটালেই দেখা যায় আজ সারা পৃথিবী জুড়ে হিংসার আগুন জ্বলছে। সেই হিংসার আগুনে প্রতিদিন যে কত প্রাণ বিনষ্ট হচ্ছে তার ইয়ত্তা নেই। তাই মানুষ আজ হিংসা থেকে পরিত্রাণের পথ খুঁজতে দিশেহারা। কারণ আজ মানুষ নানা অজুহাতে জঙ্গলের ধর্ম হিংসার মন্ত্রে কম-বেশি দীক্ষিত। কোনও নির্দিষ্ট আদর্শ প্রতিষ্ঠার অজুহাতে যদি কোনও হিংসাত্মক বিপ্লব নীতিবিগর্হিত না হয়, তাহলে হিংসাত্মক উপায়ে কোনও বিশেষ ধর্মীয় গোষ্ঠীর জিহাদ ঘোষণাও সেই কারণে অনৈতিক নয়। বিভিন্ন দিক থেকে বিশ্লেষণ করলে দেখা যায় আধুনিক সভ্যতা কখনও বিজ্ঞানের নামে, কখনও তথাকথিত আদর্শের নামে, কখনও বা ধর্মের নামে হিংসাকে মানুষের দৈনন্দিন জীবনে অঙ্গীভূত করে ফেলেছে। বস্তুত আধুনিক সভ্যতা মূলত হিংসার উপরই প্রতিষ্ঠিত।


গত ১১ সেপ্টেম্বরের ঘটনা সম্পর্কে আমেরিকার এফ বি আই এবং সি আই এ নানাভাবে তদন্ত করে অবশেষে এই সিদ্ধান্তে এসেছে যে সেদিনের সেই আতঙ্কবাদী আক্রমণের মূল চক্রান্তকারী হল ওসামা বিন লাদেন—পরিচালিত 'আল কায়দা' জঙ্গী সংগঠন। আমেরিকা তাই এই আক্রমণের প্রতিশোধ নিতে বিন লাদেন সহ 'আল কায়দা' গোষ্ঠীকে নিশ্চিহ্ন করতে দৃঢ়সংকল্প। আফগানিস্তানে তালিবানদের কর্তৃত্ব খর্ব করতে আকাশ থেকে বোমা বর্ষণের সুযোগ সদ্ব্যবহার করে আফগানিস্তানে তালিবান বিরোধী উত্তরের জোট একে একে তালিবান অধিকৃত অঞ্চলগুলি নিজেদের অধিকারে নিয়ে এসেছে। এক অর্থে বিনা যুদ্ধেই উত্তরের জোট কাবুল সহ বিস্তীর্ণ অঞ্চল তাদের দখলে এনে ফেলেছে। তার অন্যতম কারণ, প্রায় ৫৫ হাজার তালিবান গেরিলা যোদ্ধা কোথাও কোনও প্রতিরোধ না করে তাদের অধিকৃত অঞ্চলগুলি থেকে নিজেদের গুটিয়ে নিয়েছে কৌশলগত কারণে। তারা এখন হয়তো কান্দাহারের দক্ষিণে বিস্তীর্ণ পার্বত্য অঞ্চলে গিয়ে কিংবা পাকিস্তানে আত্মগোপন করে আছে। আসল কথা হল, গত দেড় মাসের যুদ্ধে তালিবান সামরিক শক্তির উল্লেখযোগ্য কোনও ক্ষয়ক্ষতি হয়নি বললেই চলে। অথচ অন্যদিকে উত্তরের জোট বিজয় উল্লাসে মত্ত; তারা আপাতত আফগানিস্তানে এক অস্থায়ী সরকারও

গঠন করেছে। অন্যদিকে ওসামা বিন লাদেন-এর মনোবল কিন্তু বিন্দুমাত্র চিড় খায়নি। পার্বত্য গুহায় আত্মগোপন করে বসে বিন লাদেন এখনও আমেরিকার বিরুদ্ধে হুমকি দিয়ে চলেছেন। তিনি বলছেন, আমেরিকার হাতে বন্দী হওয়া থেকে মৃত্যু শ্রেয়। আমেরিকাকে আরও কঠিন শাস্তি পেতে হবে এবং সে শাস্তি দেবেন ঈশ্বর। কারণ, আমেরিকা ইসলাম-বিরোধী, সেইহেতু ঈশ্বর-বিরোধী। তাই ইসলাম-বিরোধী আমেরিকার বিরুদ্ধে বিশ্বের সমস্ত মুসলিমদের জিহাদ ঘোষণা করার আহ্বান জানিয়েছেন তিনি।

স্মরণ করা যেতে পারে যে, যে ওসামা বিন লাদেন এবং তালিবানরা আজ আমেরিকাকে ঘোর শত্রু বলে মনে করে, এরা কিন্তু এক কালে আমেরিকারই মদৎপুষ্ট হয়ে তৎকালীন সোভিয়েট ইউনিয়ন-এর বিরুদ্ধে যুদ্ধ করেছে। আমেরিকারই সহায়তায় সেদিন এরা মরণপণ যুদ্ধ করে আফগানিস্তানকে সোভিয়েট দখল মুক্ত করেছিল। সেদিন থেকেই তালিবানরা গোঁড়া ইসলামী জিহাদী। সেদিন ছিল সোভিয়েত ইউনিয়নের বিরুদ্ধে জিহাদ, আজ তারা জিহাদী আমেরিকার বিরুদ্ধে। দীর্ঘ দশ বছর ধরে যুদ্ধ করতে করতে পরিণামে এই যোদ্ধারা হয়ে উঠেছে এক একজন দুর্দমনীয় আতঙ্কবাদী। ১৯৭৯ সালে তৎকালীন সোভিয়েত ইউনিয়ন আফগানিস্তানের দখল নিয়েছিল সামরিক শক্তির বলে। সেদিন থেকে শুরু হয়েছিল হিংসাত্মক প্রতিরোধ যুদ্ধ। দিনে দিনে সমগ্র আফগানিস্তান পরিণত হয় একটা যুদ্ধবিধ্বস্ত দেশে। অবশেষে সেভিয়েত ইউনিয়ন আফগানিস্তান ছেড়ে যেতে বাধ্য হয়, কিন্তু পিছনে ফেলে রেখে যায় রুক্ষ পার্বত্য ভূমিতে সামান্য কিছু ধ্বংসাবশেষ। আজ সেসব তালিবান জিহাদীদের বয়স পঁচিশ থেকে ত্রিশের কোটায়, তখন তারা ছিল পাঁচ থেকে দশ বছরের শিশু। এই সব শিশুদের শৈশব কীভাবে কেটে গিয়েছে তা তারা জানে না। প্রকৃতির নীরবতা তাদের শিশুমনে নির্জনে কোনও বিশেষ বার্তা নিয়ে আসেনি। সারা দিন ধরে বন্দুকের গোলাগুলির শব্দ শুনতে শুনতে ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়েছে, আবার রাত শেষ না হতেই কামানের গর্জনে ঘুম থেকে ভয়ে লাফিয়ে উঠেছে। আকাশে কখনও ডানা মেলে পাখি উড়তে দেখেনি, আকাশে দেখেছে প্রচণ্ড গর্জনে বোমারু বিমানের দাপাদাপি। এইভাবে একে একে দিন মাস বছরের পর বছর কেটে গেছে। প্রতিদিন ঘটতে দেখেছে কত না ধ্বংস, কত না মৃত্যু এবং হত্যালীলা। দেখেছে দারিদ্র্যই জীবনের একমাত্র সঙ্গী। ক্রমে ক্রমে বুঝতে শিখেছে এইটেই জীবন, যেখানে নেই কোনও ভালবাসা, কান্না যেখানে অর্থহীন। যেখানে জীবন এবং মৃত্যুর মধ্যে দূরত্ব খুবই নগণ্য। ফলে তারা হয়ে উঠেছে জীবন সম্পর্কে চূড়ান্ত cynical। ক্রমে তাদের এই অর্থহীন জীবন সম্পর্কে বিদ্বেষ জমতে শুরু করেছে, ভাবতে শুরু করেছে মৃত্যুই মুক্তির একমাত্র পথ। ভাবনার এই সন্ধিক্ষণে যৌবনে পা দেবার আগেই কে বা কারা তাদের হাতে তুলে দিয়েছে স্বয়ংক্রিয় রাইফেল। তাদের নির্দেশ, মারো অথবা মরো। আজ ওসামা বিন লাদেন যাদের প্রশিক্ষণ দিয়ে সারা পৃথিবী জুড়ে আতঙ্কবাদী আক্রমণ পরিচালনা করছেন, তারা আর কেউ নয়, নিজেদের অস্তিত্ব সম্পর্কে নির্বিকার সেদিনের সেই শিশুকুল। তারা জীবনকে কখনও ভালবাসতে পারেনি, জীবন তাদের কাছে বিভীষিকা, তাই তারা বিভীষিকা পন্থী, মর্তুকাম, আত্মঘাতী। মৃত্যু এদের হাতছানি দিয়ে ডাকছে। ধ্বংসাত্মক নাটক এদের প্রধান আকর্ষণ। তাই এদের প্রতিটি মৃত্যুকে এরা নাটকীয় করে তুলতে চায়। গত ১১ সেপ্টেম্বরের ধ্বংসাত্মক নাটকের মুখ্য ভূমিকায় ছিল এই মর্তুকাম আতঙ্কবাদীরাই। ইসলামী জিহাদ এবং বিন লাদেন উপলক্ষমাত্র।

আমেরিকা ১১ সেপ্টেম্বরের ঘটনার প্রতিশোধ নিতে ওসামা বিন লাদেন এবং তাঁর সহযোগীদের চরম

শাস্তি দিতে আজ প্রতিহিংসাপরায়ণ। সন্ত্রাসের মোকাবিলা করতে আমেরিকাও বেছে নিয়েছে পাল্টা সন্ত্রাসের পথ। গত দেড় মাস যাবৎ অবিশ্রান্ত বোমা বর্ষণ করে আফগানিস্তানে ধ্বংস্তূপের পরিধি বৃদ্ধি করে চলেছে। সন্ত্রাসের বিরুদ্ধে পাল্টা সন্ত্রাস সৃষ্টি করে, সেই সন্ত্রাসকে হয়তো আপাতত প্রশমিত করা গেছে। এইটাই প্রচলিত পথ। কিন্তু সন্ত্রাসবাদের মূল কারণ বা তার উৎস সন্ধান না করে শুধুমাত্র প্রতিশোধস্পৃহা থেকে দমন-পীড়নের সাহায্যে আতঙ্কবাদকে নির্মূল করা যাবে কি না সন্দেহ। আপাতত তালিবানদের পরাস্ত করা সম্ভব হলেও এবং যদি ওসামা বিন লাদেনের মৃত্যুও ঘটে, তবুও নির্দ্বিধায় এ কথা বলা শক্ত যে তালিবানদের মতো জীবনদ্বেষী cynical আতঙ্কবাদীরা কোনও দিন স্বাভাবিক এবং সুস্থ জীবন ফিরে পাবে। কারণ, এই আতঙ্কবাদীরা সমাজে কোনোদিন স্বীকৃতি পাবে না, পূর্ববৎ উপেক্ষিতই রয়ে যাবে। হয়তো কোনও একদিন তালিবানদের হাত থেকে আফগানিস্তান মুক্ত হবে, কিন্তু এই মর্তুকাম আতঙ্কবাদীদের মনের মুক্তি ঘটবে না। তাই আতঙ্কবাদের বীজও ধ্বংস হবে না। এই ঘটনা শুধু আফগানিস্তানের আতঙ্কবাদীদের ক্ষেত্রেই নয়, কাশ্মীর, প্যালেস্তাইন, তামিল শার্দুল সহ পৃথিবীর সমস্ত আতঙ্কবাদীদের ক্ষেত্রেই প্রযোজ্য।



এইভাবে মৃত্যুর মধ্যে আত্মবিলুপ্তির প্রবণতা কেবল আতঙ্কবাদীদের মধ্যেই সীমিত নয়। প্রখ্যাত মনোবিজ্ঞানী মুণ্ড ফ্রয়েড মনে করেন এটি মানুষের এক মানস প্রবণতা। মানুষ সমাজবদ্ধ জীব, আর সেই কারণে তার মনের অনেক আদিম বাসনা কামনা অবদমিত হয় সামাজিক রীতিনীতির চাপে, যার ফলে তার অবচেতন মনে এক বিততি অর্থাৎ টান টান অবস্থার (tension-এর) সৃষ্টি হয়, যা থেকে উদ্ভূত হয় নানা সামাজিক ব্যাধি এবং শেষ পর্যন্ত বাস্তব পরিস্থিতির সঙ্গে মানিয়ে চলতে না পেরে সে এই টেনসন্-এর অবসান খোঁজে মৃত্যুতে, কবরের শান্তিতে। এই মৃত্যুবাসনা আধুনিক সভ্যতায় উত্তরোত্তর প্রবল হয়ে উঠেছে, কারণ এখানে মানুষের প্রাণের সহজ অভিব্যক্তিও সম্ভব নয়। এই সভ্যতায় প্রেম বা ভালবাসা অত্যন্ত দুর্বল হয়ে উঠেছে। তীব্র প্রতিযোগিতার ভিতর দিয়ে নিজেকে প্রতিষ্ঠিত করার নিরন্ত সংগ্রামে লিপ্ত মানুষের অহংবোধ যতই উদগ্র হয়ে ওঠে, অন্যদিকে সেই অহং বা নিজের আমিত্বকে প্রতিষ্ঠা করা ততই অসম্ভব হয়ে পড়ে এক নৈর্ব্যক্তিক আর্থসামাজিক ও রাষ্ট্রব্যবস্থার মধ্যে। বর্তমান সভ্যতায় ব্যক্তি হিসাবে মানুষের স্থান অতি নগণ্য। উৎপাদন ব্যবস্থায় সে উৎপাদন যন্ত্রের একটা ক্ষুদ্র অংশ মাত্র; অন্যদিকে সে একজন ভোক্তা (consumer) মাত্র, যার ভোগাকাঙ্ক্ষা নিয়ন্ত্রিত হয় বিভিন্ন মাধ্যমে প্রচারিত বিজ্ঞাপনের দ্বারা। আধুনিক রাষ্ট্রব্যবস্থায় নাগরিক একজন ভোটার মাত্র—রাষ্ট্র পরিচালনার ব্যাপারে তার কোনও সক্রিয় ভূমিকা নেই। গণতান্ত্রিক রাষ্ট্রেও সমাজে কোথাও সে তার আত্মমর্যাদার মহিমায় প্রতিষ্ঠিত নয়। আত্মপরিচয়হীন মানুষ ক্রমশ আত্মবিনাশী হয়ে ওঠে; শেষ পর্যন্ত সে হয় আত্মহননের পথ বেছে নেয় (ড্রাগ-এর নেশাও এক ধরনের আত্মহত্যার পথ), নয়তো সে অপরকে, গোটা সমাজটাকেই ধ্বংস করে দিতে উদ্যত হয়। এই বৈনাশিক মানসিকতারই এক বীভৎস নাটকীয় অভিব্যক্তি সন্ত্রাসবাদ বা আতঙ্কবাদ, যা আজ নানা উপলক্ষ অবলম্বন করে, (কখনও ধর্ম সম্প্রদায়, কখনও বিশেষ জাতিগোষ্ঠীর আত্মনিয়ন্ত্রণের

অধিকার ইত্যাদির দাবি) পৃথিবীর বিভিন্ন দেশে ছড়িয়ে পড়েছে। এই সভ্যতায় মানুষ আজ সর্বত্রই সর্বতোভাবে সন্ত্রস্ত।

মানুষ আত্মসচেতন প্রাণী। চেতনার উন্মেষ হয় তার অহংবোধের ভিতর দিয়ে। এই অহংবোধ থেকেই তার আত্মরক্ষার চেষ্টা। তাই সে অপরকে ভয় পায়, তাকে পর বা শত্রু মনে করে। দুটি বিরোধী অহং বিরোধ ও সংঘর্ষের পথ এড়িয়ে পরস্পর মিলিত হতে পারে, যদি মানুষ তার সঙ্কীর্ণ অহংবোধ অতিক্রম করে সবার মধ্যে এক আত্মার উপলব্ধির দ্বারা একে অপরকে আপন করে নিতে পারে ভালবাসার ভিতর দিয়ে। বস্তুত মানুষের সত্য পরিচয় সে আত্মা। আধুনিক দেহাত্মবাদী (materialistic) সভ্যতায় মানুষ তার দেহকেই, তার অহংকেই তার প্রকৃতি 'আমি' (self) বলে জানে। এই সভ্যতায়, বিশেষত বৈজ্ঞানিক চিন্তার প্রভাবে মানুষ যে আত্মা (self)—এই ধারণা অস্বীকৃত।

আমরা আমাদের সত্য পরিচয় জানি না। জীবনের অর্থ কী, 'এই জীবন লইয়া কী করিতে হয়' (বঙ্কিমচন্দ্রের ভাষায়), তা আধুনিককালের অধিকাংশ মানুষ জানে না বা জানতে উৎসুকও নয়। এই আত্মপরিচয়হীনতা থেকেই উদ্ভূত হয় তার অস্তিত্বের সঙ্কট। তখন মানুষের জীবনে এক শূন্যতার সৃষ্টি হয়। ঈশ্বরে বিশ্বাস হারিয়ে এবং জীবনের সকল ক্ষেত্রে নিজের কোনও মূল্য খুঁজে না পেয়ে সে নিজেকে বোধ করে অসহায় ও নিরাশ্রয় (homeless); নিজের জীবন তার কাছে হয়ে ওঠে অর্থহীন। বেঁচে থাকার অর্থ খুঁজে পাবার জন্য, এক মিথ্যা আশ্রয়ের সন্ধানে সে যখন উদ্‌ভ্রান্তের মতো ঘুরে বেড়ায়, তখন যদি কেউ তাকে বলে তুমি এই ধর্ম, এই জাতি বা এই আদর্শের সঙ্গে একাত্মবোধ করে সার্থক হও, এর জন্য তুমি তোমার জীবন উৎসর্গ করো, তখন সে এই মিথ্যা পরিচয়ের মধ্যেই, আত্মবিলয়ের দুর্বার আকর্ষণে মৃত্যুর মধ্যেই মুক্তি খোঁজে।

এই বৈনাশিক মানসিকতা দূর করে এদের মধ্যে জীবনের প্রতি ভালবাসা জাগানোর পথ খুঁজে না পেলে আজ গোটা সভ্যতাই, হয়তো গোটা মানব জাতিই অচিরে বিনাশপ্রাপ্ত হবে।

*সৌজন্যে* : 'লোকস্বরাজ', জানুয়ারি, ২০০২

# অগ্নিযুগের বঙ্গ বীরাঙ্গনাদের বীরগাথা

***স্বাধীনতার ৭৫ বর্ষ পূর্তির মহতী লগ্নে এই প্রবন্ধটি চারটি পর্যায়ে পত্রিকায় প্রকাশের মাধ্যমে বাংলার ৭৫ জন অগ্নিকন্যাদের প্রতি গান্ধী স্মারক সংগ্রহালয়ের বিশেষ শ্রদ্ধার্ঘ্য নিবেদন।***

**তৃতীয় পর্যায়**

### মীরা দত্তগুপ্ত (ঢাকা) :



১৯০৬ সালের ৫ অক্টোবর মীরা দত্তগুপ্ত ঢাকা শহরে মাতুলালয়ে জন্মগ্রহণ করেছিলেন। তাঁর পিতা শরৎকুমার দত্তগুপ্ত। ১৯৩০ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে অঙ্ক শাস্ত্রে এম.এ পরীক্ষায় প্রথম শ্রেণিতে দ্বিতীয় স্থান অধিকার করেন তিনি। পাঠ্যাবস্থায় তিনি বি ভি নামক বিপ্লবী দলে যোগদান করেন। 'বেণু' পত্রিকার মহিলা বিভাগের ভার ছিল মীরা দত্তগুপ্তের উপর। কিছুদিন তিনি দক্ষিণ কলকাতা ছাত্রী সংঘের সম্পাদিকা ছিলেন। পরে তিনি ছাত্র আন্দোলনের প্রকাশ্য কাজ ত্যাগ করে গুপ্তদলের নীরব কাজে ব্রতী হন। ১৯৩১ সালে দলের নির্দেশে তিনি বিদ্যাসাগর কলেজের মহিলা বিভাগের ভাইস-প্রিন্সিপ্যালের পদ গ্রহণ করেন। এই সময় সম্পূর্ণ বেতনই তিনি দলের কাজে দিয়ে দিতেন। ১৯৩১ থেকে ১৯৩৩ সাল পর্যন্ত দলের পলাতক বিপ্লবীদের গতিবিধির যোগসূত্র যাঁদের মাধ্যমে পরিচালিত হতো তাঁদের মধ্যে মীরা দত্তগুপ্ত ছিলেন অন্যতম।

### শোভারানী দত্ত (খুলনা) :



যতীন্দ্রনাথ দত্ত ও লাবণ্যপ্রভা দত্তের কন্যা হিসেবে ১৯০৬ সালে খুলনা জেলায় জন্মগ্রহণ করেন শোভারানী দত্ত। তিনি যুগান্তর সংগঠনের একজন অন্যতম সদস্য ছিলেন। ডালহৌসি স্কোয়ার বোমা মামলায় সংযুক্ত থাকার সন্দেহে ১৯৩৫ সালের ৫ ফেব্রুয়ারি তাঁকে গ্রেপ্তার করা হয়। ১৯৩৭ সালের ১১ ডিসেম্বর শোভারানী দত্তকে নিঃশর্তভাবে মুক্তি দেওয়া হয়।

### সুলতা মিত্র (কলকাতা) :



১৯০৭ সালে সুলতা মিত্র কলকাতায় জন্মগ্রহণ করেন। তাঁর বাবা ছিলেন যতীন্দ্রনাথ মিত্র ও মা সুহাসিনী দেবী। গোঁড়া ও রক্ষণশীল পরিবারের মধ্যে সুলতা দেবীর মা ছিলেন একজন উদারচেতা মহিলা। পরিবারের সকলে যখন মেয়ের বাল্যবিবাহের জন্য প্ররোচনা দিচ্ছেন তিনি তখন

মেয়েদের লেখাপড়া শেখাতে চেষ্টা করছেন, স্বদেশের দুঃখ-দুর্দশা তাঁদের কাছে বর্ণনা করেছেন এবং তাঁদের হৃদয়ে দেশসেবার আকাঙ্ক্ষা জাগাবার জন্য প্রেরণা দিয়েছেন। ১৯২৬ সালে আই.এস.সি পাস করার পর প্রেসিডেন্সি কলেজের পদার্থবিদ্যার অধ্যাপক কুলেশচন্দ্র করের সঙ্গে তাঁর বিবাহ হয়। ১৯৩০ ও ১৯৩২ সালে সমগ্র ভারতবর্ষ গান্ধীজি ও কংগ্রেসের আইন অমান্য আন্দোলনে আন্দোলিত হয়। তৎকালীন রাজনৈতিক কর্মী শোভারানী দত্ত ও কল্যাণী দাস ছিলেন তাঁর বাল্যবন্ধু। তাঁদের প্রেরণায় সুলতা কর ১৯৩২ সালে অহিংস আন্দোলনে যোগদান করেন। রক্ষণশীল পরিবারের কন্যা ও বধূ হয়েও তিনি প্রকাশ্য রাজপথে বিদেশি বস্ত্রের দোকানের সামনে দাঁড়িয়ে পিকেটিং করেন, নিষিদ্ধ রাজনৈতিক সভায় অংশগ্রহণ করেন। সেই সময় এক নিষিদ্ধ শোভাযাত্রায় যোগদান করার জন্য তাঁর ৬ মাস সশ্রম কারাদণ্ড হয়। জেল থেকে মুক্তি পেয়ে তিনি তাঁর বন্ধু কল্যাণী দাসের সঙ্গে একযোগে বিপ্লবের পথ বেছে নেন। ১৯৩৩ সাল থেকে তিনি যুগান্তর দলের বিপ্লবী দীনেশ মজুমদারের নেতৃত্বে কাজ করতে থাকেন। তখন তাঁর আকাঙ্ক্ষা হতো দেশের মঙ্গলের জন্য চিরজীবন তিনি কারাবাস করবেন, স্বামী-সংসার ও পরিবার-পরিজন সব ত্যাগ করবেন। এই আকাঙ্ক্ষায় অনুপ্রাণিত হয়ে তিনি পরিবারের সকলের অজ্ঞাতসারে নিজের শয়নকক্ষে বিপ্লবীদের সভা করতে দিতেন, পলাতককে অর্থ সাহায্য করতেন, রিভলভার ও গোপনীয় কাগজপত্র নিজের ঘরে রাখতেন এবং অন্যত্র দিয়ে আসতেন। পুলিশের নজর এড়িয়ে পলাতক দীনেশ মজুমদারকে রক্ষা করবার জন্য একদিন গভীর রাতে তিনি বধূ বেশে গিয়ে নৌকায় করে তাঁকে চন্দননগরের গোপন গৃহে পৌঁছে দিয়ে এলেন। ১৯৩৪ সালে একটি ব্যাঙ্কের টাকা অপসারণ সম্পর্কে সন্দেহক্রমে পুলিশ তাঁদের বাড়ি তল্লাশি করে এবং সুলতা করকে গ্রেপ্তার করে নিয়ে গিয়ে ভবানীপুর থানায় নির্জন কক্ষে ১৪ দিন রেখে দেয়। থানার নির্জন হাজতের মধ্যে তাঁকে বই পড়তে অথবা কারো সঙ্গে কথা বলতে দেওয়া হতো না। অন্ধকার দুর্গন্ধে ভরা হাজত ঘরে একা থাকা এবং কদর্য খাদ্য খাওয়া এই ছিল তাঁর পুরস্কার। প্রত্যহ তাঁকে নিয়ে যাওয়া হতো গোয়েন্দা বিভাগের এস বি অফিসে। সেখানে জেরা চলতো দিনের পর দিন। স্বীকারোক্তি না করলে তাঁকে আজীবন কারাগারে কাটাতে হবে, এইভাবেই ভয় দেখাত পুলিশ তাঁকে। এতদসত্বেও তাঁর কাছ থেকে কোনো স্বীকারোক্তি আদায় করা পুলিশের পক্ষে সম্ভবপর হয়ে ওঠেনি। তাই বাধ্য হয়েই পুলিশ তাঁকে প্রেসিডেন্সি জেলে স্থানান্তরিত করে। সেখানে এক মাস বন্দী রাখার পর প্রমাণাভাবে তাঁকে মামলা থেকে মুক্তি দেওয়া হয়।

### ➡ শান্তিসুধা ঘোষ (বরিশাল) :



বরিশাল শহরে ১৯০৭ সালের ২৭ জুন শান্তিসুধা ঘোষ জন্মগ্রহণ করেন। তাঁর পিতা ছিলেন ক্ষেত্রনাথ ঘোষ ও মাতা অন্নদাসুন্দরী দেবী। ১৯১৯ সালে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের পর তাঁর রাজনৈতিক চেতনার উদ্বোধন হয়। মূলত শ্রী অরবিন্দের সশস্ত্র বিপ্লব ও পূর্ণ আধ্যাত্মিকতার সমন্বয় তাঁকে এই কাজে আকৃষ্ট করে। এম.এ পাস করার পর বরিশালের যুগান্তর দলের শঙ্করমঠ, তরুণসংঘ প্রভৃতি প্রতিষ্ঠানের বিপ্লবাত্মক কাজের নীতি-নিষ্ঠ আচরণ তাঁকে ভীষণভাবে আকৃষ্ট করে। তরুণ সংঘে যোগদানের ফলে তাঁর ভাই ও বোন সহ শান্তিসুধা ঘোষ একত্রে বিপ্লবী কর্মে সহযোগী হন। বন্দুক, রিভলভার প্রভৃতি নিষিদ্ধ জিনিস রাখার দায়িত্ব নিয়েছিলেন শান্তিসুধা। ১৯৩১ সালে শান্তিসুধা ঘোষ বরিশালের মেয়েদের নিয়ে 'শান্তি বাহিনী' নামে একটি সংঘ প্রতিষ্ঠা করেন। এখানে লাঠি-ছোরা খেলা, সাইকেল ও নৌ-চালানো শিক্ষা দেওয়া হতো এবং নানাবিধ শরীরচর্চারও ব্যবস্থা ছিল। অল্প কিছুদিনের

মধ্যেই এই সংগঠনের কর্মকাণ্ড পুলিশের নজরে পড়ে এবং সংগঠনের কর্মীদের উপর ও প্রতিষ্ঠাত্রীর উপর চলে অকথ্য অত্যাচার ও জুলুম। পুলিশের কড়া দৃষ্টিকে লঘু করবার প্রচেষ্টায় তাঁরা নির্দোষ একটি 'হরিজন বিদ্যামন্দির' প্রতিষ্ঠিত করেন। তখন শক্তি সংঘের কার্যকলাপ যথাসম্ভব এই বিদ্যামন্দিরের ঘরে বসেই পরিচালিত হত। ১৯৩০ সাল থেকে ১৯৩২ সালের মধ্যে অধিকাংশ অহিংসপন্থী ও বিপ্লবপন্থী সক্রিয় পুরুষ কর্মীগণ গ্রেপ্তার হওয়ায় নেতৃত্বের দায়িত্বভার গ্রহণ করেন শান্তিসুধা সহ আরো বেশ কয়েকজন মহিলাকর্মী। ১৯৩২ সালের জুলাই মাসে ভিক্টোরিয়া ইনস্টিটিউশন কলেজে অধ্যাপনার কাজ নিয়ে শাতিসুধা চলে আসেন কলকাতায়। কলকাতা এসে তিনি শ্রীমতি কল্যাণী দাসের সঙ্গে যুক্ত হয়ে মুষ্টিমেয় মহিলা কর্মীদের একত্রিত ও সঙ্ঘবদ্ধ করবার জন্য প্রচেষ্টা চালান। একদিকে এই সংযোগের প্রচেষ্টা, অন্যদিকে ছাত্রীসংঘের মারফত মহিলা-সংগঠনের কাজ তাঁরা উৎসাহের সঙ্গে পরিচালনা করেন। কল্যাণী দাসের সাহচর্যে শান্তিসুধা ঘোষ গোপনে দীনেশ মজুমদার প্রমুখ বিপ্লবীদের সঙ্গে যুক্ত হন। ১৯৩৩ সালের ১১ নভেম্বর ভিক্টোরিয়া কলেজ থেকে একটি ব্যাঙ্কের টাকা অপসারণ সম্পর্কে সন্দেহক্রমে পুলিশ শান্তিসুধা ঘোষকে গ্রেপ্তার করে। তাঁকে মাসখানেকের জন্য রাখা হয় প্রেসিডেন্সি জেলে। কিন্তু ভগ্ন স্বাস্থ্যের জন্য তাঁকে জামিনে মুক্তি দিতে হয়। ১৯৩৪ সালের ২ মে তাঁকে মামলা থেকে মুক্তি দিয়ে বরিশালে ও পুরীতে নিজগৃহে অন্তরীণ করে রাখা হয়। সেই সময় সেখানকার জনসাধারণের অনুরোধে তিনি বরিশাল মিউনিসিপ্যালিটির কমিশনার নির্বাচিত হন। ১৯৪২ সালের আগস্ট আন্দোলনের সময় তিনি এই পদ ত্যাগ করেন। 'ভারত ছাড়ো' আন্দোলনের সময় ২৭ সেপ্টেম্বর তাঁকে পুনরায় গ্রেপ্তার করে জেলে বন্দি করা হয়। কিছুদিন পর অসুস্থতার কারণে তাঁকে নিজ গৃহে অন্তরীণ করে রাখা হয়। বছরখানেক পর তিনি মুক্তি পান এবং মুক্তির পর চিকিৎসার জন্য তিনি চলে আসেন কলকাতায়। কলকাতায় তখন চলছে মন্বন্তরের বিভীষিকা। সেই বীভৎস দৃশ্য তাঁর মনকে ব্যথিত করে তোলে। তিনি 'নিখিল ভারত মহিলা সম্মেলন'-এর ভারপ্রাপ্ত সদস্যা হয়ে বরিশাল ফিরে গিয়ে প্রথমে একটি সেবা কেন্দ্র গঠন করেন। পরে ওই সেবাকেন্দ্রকে মহিলা শিল্প ভবন নামে দুঃস্থ মহিলাদের একটি শিল্পকেন্দ্রে পরিণত করা হয়। সরকারের নিষেধাজ্ঞা জারি থাকায় শান্তিসুধা ঘোষ তখন বি এম কলেজে অধ্যাপনার কাজে যোগ দিতে পারেননি। ১৯৪৫ সালে নিষেধাজ্ঞা প্রত্যাহারের পর তিনি পুনরায় ঐ কলেজে প্রবেশ করেন। ১৯৫০ সালে শান্তিসুধা মাতৃভূমি ও কর্মভূমি বরিশালকে দূরে রেখে বাধ্য হয়ে চলে আসেন পশ্চিমবঙ্গে। সাহিত্যে তাঁর অনুরাগ আমাদের কাছে সুপরিচিত। তাঁর রচনা প্রকাশিত হয় 'জয়শ্রী', 'মন্দিরা' ও অন্যান্য পত্রিকাতে। 'গোলকধাঁধা', '১৯৩০ সাল', 'নারী' প্রভৃতি পুস্তক তিনি প্রকাশ করেছেন নানা সময়ে।

**➲ কল্যাণী দাস (কলকাতা) :**



কল্যাণী দাস ১৯০৭ সালে কৃষ্ণনগরে জন্মগ্রহণ করেন। পিতৃভূমি ছিল চট্টগ্রাম। তাঁর পিতার নাম বেণীমাধব দাস ও মাতার নাম সরলা দাস। তাঁর বোন বীণা দাসও সশস্ত্র বিপ্লবী আন্দোলনে যুক্ত ছিলেন। পিতার আদর্শে প্রভাবিত হয়ে রাজনীতিতে যোগ দেন। এছাড়া কল্যাণী দাসের ছিল মায়ের মতোই সংগঠনী ক্ষমতা। ১৯২৮ সালে বি.এ পাস করবার পর তিনি ইউনিভার্সিটিতে এম.এ পড়তে যান। ছাত্রাবস্থায় কলিকাতার স্কুল-কলেজের ছাত্রীদের নিয়ে 'ছাত্রী সংঘ' গঠিত হয়। এর সভানেত্রী ছিলেন সুরমা মিত্র ও

সম্পাদিকা ছিলেন কল্যাণী দাস। অসহযোগ ও জাতীয় আন্দোলনে যোগ দেওয়ার কারণে তাঁর মেজদাদা কারাবরণ করেন। ছাত্রাবস্থায় তিনি রাজনীতিমনস্ক হয়ে ওঠেন। সে সময় যুগান্তর দলের কতিপয় সদস্যের সাথে তাঁর বন্ধুত্বপূর্ণ সম্পর্ক তৈরি হয়। ১৯৩০ সালে ডালহৌসির অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদের জন্য আইন অমান্য করে আন্দোলনে ছাত্রীদের যোগদানের জন্য নেতৃত্ব দেন। ১৯৩২ সালে আইন অমান্য আন্দোলনে অংশ নেন এবং গ্রেপ্তার হন। সমাজসেবা ও বিপ্লবী কর্মকাণ্ডে জড়িত ছিলেন। তিনি ছাত্রী সংঘের উদ্যোক্তা এবং ব্রিটিশ বিরোধী রাজনীতির জন্য কারাবরণ করেন।

**➲ কমলা দাশগুপ্ত (ঢাকা) :**



বাংলার মহিলা স্বাধীনতা সংগ্রামীদের নক্ষত্রলোকে এক উজ্জ্বল জ্যোতিষ্ক কমলা দাশগুপ্ত। ঢাকা জেলার বিক্রমপুরের এক সম্ভ্রান্ত পরিবারে ১৯০৭ সালের ১৭ মার্চ তাঁর জন্ম। তাঁর পিতা ছিলেন সুরেন্দ্রনাথ দাশগুপ্ত। ১৯২৯ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর স্তরে পড়বার সময় তিনি সশস্ত্র বিপ্লবের পথে স্বাধীনতা লাভে প্রয়াসী কিছু বিশিষ্ট বিপ্লবীর সংস্পর্শে আসেন। এরপর তিনি অতিশীঘ্রই সশস্ত্র বিপ্লবের সঙ্গে জড়িয়ে পড়েন এবং যুগান্তর দলে যোগ দেন। বিপ্লবীমন্ত্রে দীক্ষিত হবার পরই কমলা দাশগুপ্ত দলের গোপন কাজকর্মের সঙ্গে সরাসরি জড়িয়ে পড়েন। নিজ গৃহে এই ধরনের কাজকর্ম করার অসুবিধা হওয়ায় তিনি ১৯৩০ সালে গৃহত্যাগ করে দরিদ্র মহিলাদের একটি আবাস পরিচালনার দায়িত্ব নেন। আবাস গৃহের ভাণ্ডারে অতি গোপনে বোমা লুকিয়ে রেখে দলের নির্দেশ বা প্রয়োজনমতো তিনি সেই সব বোমা বন্টন করতেন। ঐ বছরই সেপ্টেম্বর মাসে ডালহৌসি বোমা মামলার সূত্রে তাঁকে গ্রেপ্তার করা হয়। কিন্তু উপযুক্ত প্রমাণাভাবে তিনি মুক্তি পান। ১৯৩২ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানে তৎকালীন বাংলার গভর্নরকে হত্যা করার জন্য তিনি অপর একটি গুপ্তদলের সদস্যা বীণা দাসকে রিভলবার দিতে সাহায্য করায় পুলিশ তাঁকে গ্রেপ্তার করলেও উপযুক্ত প্রমাণের অভাবে তাঁকে মুক্তি দেওয়া হয়। ১৯৩৩ সালের মার্চ মাসে বেঙ্গল ক্রিমিনাল অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট অনুসারে তিনি পুনরায় গ্রেপ্তার হন এবং প্রেসিডেন্সি ও হিজলি জেলে আটক থাকেন। ১৯৩৬-এ তাঁকে গৃহবন্দিও করা হয়। ১৯৪২ সালে তিনি 'ভারত ছাড়ো' আন্দোলনে যোগ দিয়ে যশোর, খুলনা এবং বরিশালের বহু গ্রাম সফর করেন। ঐ বছরই তিনি গ্রেপ্তার হন এবং প্রেসিডেন্সি জেলে বন্দী থাকেন।

**➲ ইলা সেন (ঢাকা) :**



১৯০৭ সালের ২৫ সেপ্টেম্বর ইলা সেন জন্মগ্রহণ করেছিলেন ফেডারেটেড মালয় স্টেটসে। পৈতৃক দেশ তাঁর ঢাকা জেলার বিক্রমপুরের মধ্যে সোনারং গ্রামে। তাঁর পিতা ছিলেন ডাক্তার ব্রজেন্দ্রনাথ সেন ও মাতা সুরবালা সেন। ১৯২৫ সালে কলকাতায় এসে ডায়োসেসান কলেজ থেকে তিনি আই.এ পাস করেন এবং ১৯২৭ সালে বেথুন কলেজে বি.এ ক্লাসে ভর্তি হন। ১৯২৮ সালে সাইমন কমিশন বয়কট আন্দোলনের শোভাযাত্রায় তিনি যোগদান করেন। ১৯২৯ সালে তিনি কল্যাণী দাসের ছাত্রী সংঘের সভ্য হন এবং তখন থেকেই তিনি স্বাধীনতা আন্দোলনে যুক্ত হন। স্বাধীনতা দিবস পালন, জাতীয় পতাকা উত্তোলন, রাজনৈতিক সভা ও শোভাযাত্রা প্রভৃতি বিভিন্ন অনুষ্ঠানে তিনি সক্রিয় অংশগ্রহণ করেন। ১৯৩০ সালে তিনি 'নারী সত্যাগ্রহ

সমিতি'র পক্ষ থেকে বড়বাজারে বিলিতি কাপড়ের দোকানে পিকেটিং করতে যেতেন এবং অর্ডিন্যান্সের বিরোধিতা করে সভা ও শোভাযাত্রায় অংশগ্রহণ করতেন। ১৯৩০ সালে জেলে বন্দি থাকা সতীন সেন প্রমুখ রাজনৈতিক বন্দীদের উপর পুলিশ কমিশনার টেগার্টের প্রহারের প্রতিবাদে তিনি জেলে অনশন অবলম্বন করেন। ১৯৪৬ সালে কলকাতায় দাঙ্গার সময় দাঙ্গাপীড়িতদের উদ্ধার ও সাহায্যকার্যে তিনি বিশেষভাবে অংশগ্রহণ করেন।

### ➲ বিষ্ণুপ্রিয়া দেবী (রাজশাহী) :



১৯০৮ সালের সেপ্টেম্বর মাসে অবিভক্ত বাংলার রাজশাহী জেলার তানোর গ্রামে জন্মগ্রহণ করেন বিষ্ণুপ্রিয়া দেবী। মাত্র তিন বছর বয়সের মধ্যেই তাঁর পিতা মৃত্যুঞ্জয় মৈত্র এবং মা মনমোহিনী দেবীর মৃত্যু হয়। ১৯২১ সালে মাত্র ১৩ বছর বয়সে সিরাজগঞ্জের বিখ্যাত কংগ্রেস কর্মী সিরাজউদ্দীন সাহেবের ওজস্বিনী বক্তৃতায় মুগ্ধ হয়ে বিষ্ণুপ্রিয়া দেবী বিলেতি দ্রব্য বর্জন সংকল্প গ্রহণ করেন। ১৯৩১ সালে তিনি কলকাতায় চলে আসেন। ১৯৩২ সালের ২৬ জানুয়ারি স্বাধীনতা দিবস পালন উপলক্ষে দলে দলে মহিলারা যখন কারাবরণ করতে প্রস্তুত হচ্ছেন, সেই সময় বিষ্ণুপ্রিয়া কংগ্রেস নেত্রী লাবণ্যপ্রভা দত্তের সান্নিধ্যে আসেন। লাবণ্যপ্রভার নির্দেশে প্রায় ২৫-২৬ জন সত্যাগ্রহীর সঙ্গে শ্রদ্ধানন্দ পার্কে আইন অমান্য করে জাতীয় পতাকা উত্তোলন করতে উদ্যত হলে বিষ্ণুপ্রিয়া দেবীকে গ্রেপ্তার করা হয় এবং তাঁর প্রতি ৬ মাস সশ্রম কারাদণ্ডের আদেশ হয়। হিজলি, প্রেসিডেন্সি ও বহরমপুর জেলে তিনি বন্দী ছিলেন। জেলের মধ্যে অন্যান্য নেতৃত্ব স্থানীয় মহিলাদের সান্নিধ্যে এসে প্রভাবিত হয়ে তিনি কারামুক্তির পর যুগান্তর নামক বিপ্লবী দলের সঙ্গে যুক্ত হন। রিভলবার আদান-প্রদান করা, গোপনে বিপ্লবীদের সাহায্য করা, তাঁদের আশ্রয় দেওয়ার মতন কর্মকাণ্ডের সঙ্গে তিনি জড়িত ছিলেন। সরলা-পূর্ণাশ্রমের জন্য তিনি ম্যাজিক-ল্যান্টার্ন নিয়ে মালদহ, রাজশাহী, বহরমপুর প্রভৃতি নানা স্থানে পরিভ্রমণ করে বক্তৃতা দিয়ে অর্থ সংগ্রহ করতেন। এইভাবেই জীবনের সার্থকতার সাধনায় বিষ্ণুপ্রিয়া দেবী জনসেবার কাজেই নিজেকে নিয়োজিত করেছিলেন।

### ➲ সুচেতা কৃপালানী :



১৯০৮ সালের ২৬ জুন সুচেতা দেবী জন্মগ্রহণ করেন। তাঁর পিতা প্রবাসী বাঙালি ডাক্তার সুরেন্দ্রনাথ মজুমদার। ১৯৩৬ সালে আচার্য জে বি কৃপালানীর সঙ্গে তাঁর বিবাহ হয় এবং তখন থেকেই তিনি রাজনীতিতে সক্রিয় অংশ নিতে থাকেন। ১৯৩৯ সালে তিনি কংগ্রেসের বৈদেশিক বিষয়ক সম্পাদক রূপে নিযুক্ত হন। ১৯৪০ সালে গান্ধীজি পরিচালিত 'ব্যক্তিগত সত্যাগ্রহ' আন্দোলনে যোগদান করে তিনি কারাবরণ করেন। ১৯৪১ সালে অখিল ভারত কংগ্রেস কমিটির মহিলা দপ্তরের সম্পাদক হিসেবে কার্যভার গ্রহণ করেন। ১৯৪২ সালের 'ভারত ছাড়ো' আন্দোলন শুরু হলে তৎক্ষণাৎ নেতাদের গ্রেপ্তার করলেও সুচেতা কৃপালানী প্রায় দুই বছর যাবৎ পুলিশের হাত এড়িয়ে পলাতক অবস্থায় থেকে অন্যান্য কর্মীদের সঙ্গে আন্দোলন পরিচালনা করে যান। অবশেষে তিনিও গ্রেপ্তার হন। ১৯৪৫ সালে তিনি মুক্তি পান। মুক্তি পাবার পর ওই বছরই তিনি 'কস্তুরবা মেমোরিয়াল ট্রাস্ট'-এর সংগঠনসম্পাদক নির্বাচিত হন। ১৯৪৬ সালে সাম্প্রদায়িক দাঙ্গায় বিধ্বস্ত নোয়াখালিতে তিনি গান্ধীজির সঙ্গে গিয়ে সেবাকার্য চালান।

### ➲ প্রভানলিনী ভাণ্ডারী (২৪ পরগনা) :



১৯০৯ সালের ডিসেম্বর মাসে ২৪ পরগনা জেলার ডায়মণ্ডহারবার মহকুমার যাদবপুর গ্রামে প্রভানলিনী দেবীর জন্ম হয়। তাঁর স্বামী চারুচন্দ্র ভাণ্ডারীর সান্নিধ্যে তিনি দেশসেবায় প্রেরণা লাভ করেন। ১৯৩০ সালের লবণ আইন আন্দোলনে অংশগ্রহণ করে তিনি প্রথম গ্রেপ্তার হলেও, সেই সময় তিনি কারাদণ্ড থেকে রেহাই পান। ১৯৩২ সালে আইন অমান্য আন্দোলনে যোগদান করায় তাঁর তিন মাসের কারাদণ্ড হয়। মুক্তি পাবার পর পুনরায় ১৯৩৩ সালের সেপ্টেম্বর মাসে পিকেটিং পরিচালনা করার অপরাধে তিনি তিন মাস কারারুদ্ধ থাকেন। ১৯৩৪ সালের ২৬ জানুয়ারি ডায়মণ্ডহারবার আদালতের মাঠে স্বাধীনতা দিবসের অনুষ্ঠান পরিচালনা করার সময় তিনি পুনরায় গ্রেপ্তার হন ও তাঁর প্রতি তিন মাস সশ্রম কারাবাসের আদেশ হয়। ১৯৪২ সালের 'ভারত ছাড়ো' আন্দোলনে অংশগ্রহণ করার জন্য সাত মাসের জন্য কারাদণ্ডে দণ্ডিত হয়ে প্রভানলিনী দেবীকে প্রেসিডেন্সি জেলে বন্দি করে রাখা হয়।

### ➲ রেণু সেন (মুন্সীগঞ্জ) :



১৯০৯ সালের ২৮ ডিসেম্বর রেণু সেন মুন্সীগঞ্জে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা বিনোদবিহারী সেন এবং মাতা কুসুমকণা সেন। ১৪-১৫ বছর বয়সে মুন্সীগঞ্জের স্কুলের পাঠ সমাধা করে রেণু ঢাকা গিয়ে লীলা নাগের নতুন প্রতিষ্ঠিত দীপালি স্কুলে ভর্তি হন। ১৯৩০ সালে তিনি বি.এ পাস করেন এবং পরে জেলে বন্দি থাকা অবস্থায় এম.এ পাস করেন। ১৯৩০ সালে লীলা নাগের পরিকল্পনা অনুসারে দীপালি-র কর্মী ও ছাত্রীদের জন্য রেণু সেন কলকাতায় 'ছাত্রীভবন' নামে একটি আবাসিক প্রতিষ্ঠা করেন। 'দীপালি ছাত্রী সংঘ'-র একটি কেন্দ্রও তিনি কলকাতায় স্থাপন করেন। ১৯৩০ সালে ডালহৌসি স্কোয়ার বোমা মামলার সময় ১৬ সেপ্টেম্বর রেণু সেনকে গ্রেপ্তার করা হয়, যদিও এই ঘটনার সঙ্গে তাঁর কোনো সম্পর্কই ছিল না। ১৬ দিন লালবাজার ও কয়েক দিন প্রেসিডেন্সি জেল হাজতে রাখার পর তাঁকে মুক্তি দেওয়া হয়। ১৯৩১ সালের ২০ ডিসেম্বর তাঁকে ডেটিনিউ করে বন্দী রাখা হয় হিজলি সহ বেশ কয়েকটি জেলে। ১৯৩৭ সালের এপ্রিল মাসে তিনি মুন্সীগঞ্জে অন্তরীণ হন। মুক্তির পর তিনি কলকাতা থেকে 'জয়শ্রী' পত্রিকা প্রকাশ করবার প্রস্তাব করেন। প্রধানত তাঁরই উদ্যোগে 'জয়শ্রী' কলকাতা থেকে প্রকাশিত হয়। ১৯৪১ সালের ২ জুলাই রেণু সেনের অকালমৃত্যু ঘটে।

### ➲ সুহাসিনী গাঙ্গুলী (খুলনা) :



১৯০৯ সালের ৩ ফেব্রুয়ারি সুহাসিনী গাঙ্গুলীর জন্ম হয় বাংলাদেশের খুলনায়। ঢাকার ইডেন স্কুল থেকে ১৯২৪ সালে ম্যাট্রিক পাস করে ইন্টারমিডিয়েট পড়ার সময় কলকাতায় এক মুক ও বধির স্কুলে চাকরি পান তিনি। কলকাতায় থাকার সময় তিনি বিপ্লবী দলের কাজে অংশ নিতে শুরু করেন। কমলা দাশগুপ্ত ও কল্যাণী দাসের সংস্পর্শে এসে তিনি যুগান্তর দলে নাম লেখান। 'ছাত্রী সংঘ' নামে মেয়েদের এক বিপ্লবী দলে যোগ দিয়ে রাজা শ্রীশচন্দ্র নন্দীর বাগানবাড়িতে সাঁতার শেখানো শুরু করেন। ১৯২৯ সালে এখানে রসিক দাসের সঙ্গে তাঁর যোগাযোগ হয়। এরপর তিনি আরও সক্রিয়ভাবে বৈপ্লবিক কাজে জড়িয়ে পড়েন। যখন ঠিক হয় চট্টগ্রাম অভ্যুত্থানের চার বিপ্লবীকে চন্দননগরের

কোন এক বাড়িতে আশ্রয় দিতে হবে, তখনই ঠিক হয় এই দুইজনকে স্বামী-স্ত্রীর ছদ্মবেশে বাড়ি ভাড়া করে রাখা হবে, তারপরে চার বিপ্লবীকে ওখানে নিয়ে গিয়ে রাখা হবে। এই অপরাধে ১ সেপ্টেম্বর পুলিশের হাতে ধরা পড়ার পর সুহাসিনী গাঙ্গুলীর উপর ব্রিটিশ সরকারের পুলিশ অকথ্য অত্যাচার করে। হাতের আঙুলের নখের ভেতরে সূঁচ ফোটানো, ব্যাটারি চার্জ করা, বুকে পিঠে বুটের লাথি কিছুই বাকি রাখেনি ব্রিটিশ পুলিশবাহিনী। সুহাসিনীকে সেসময় মামলা থেকে মুক্তি দিলেও পরে ১৯৩২ সালের জানুয়ারি মাসে ডেটিনিউ করে হিজলি জেলে আটকে রেখে দেয় প্রায় ছয় বছর। মুক্তি পান তিনি ১৯৩৮ সালে। এর পরে আবারও বিপ্লবীদের আশ্রয় দেবার জন্য ব্রিটিশ পুলিশ সুহাসিনী গাঙ্গুলিকে ১৯৪২ সাল থেকে ১৯৪৫ সাল পর্যন্ত নিরাপত্তা আইনে প্রেসিডেন্সি জেলে বন্দী করে রাখে। স্বাধীনতার পরেও তাঁকে কারাবরণ করতে হয়। ১৯৭৫ সালে এক পথদুর্ঘটনায় সংকটজনক অবস্থায় তিনি আহত হন এবং চিকিৎসা বিভ্রাটে টিটেনাস হয়ে ১৯৭৫ সালের ২৩ মার্চ মাত্র ৫৫ বছর বয়সে সুহাসিনী গাঙ্গুলী প্রয়াত হন।

### ➲ অরুণা আসফ আলি :



অরুণা আসফ আলি ছিলেন ভারতীয় স্বাধীনতা সংগ্রামের একজন একনিষ্ঠ যোদ্ধা। তাঁকে 'ভারতছাড়ো আন্দোলনের নায়িকা' বলা হয়ে থাকে। ভারতকে স্বাধীনতা এনে দেওয়ার পরেও দীর্ঘদিন তিনি ভারতীয় রাজনীতির সঙ্গে ওতোপ্রোতোভাবে যুক্ত থেকেছেন এবং নিজের অবদান রেখেছেন। ১৯০৯ সালের ১৬ জুলাই ব্রিটিশ ভারতের পাঞ্জাবের কালকায় অরুণা গাঙ্গুলীর জন্ম হয়। তাঁর বাবা উপেন্দ্রনাথ গাঙ্গুলী ছিলেন বাংলাদেশের বরিশাল জেলার একজন হোটেল মালিক এবং মা ছিলেন অম্বালিকা দেবী। তাঁর স্বামী আসিফ আলির মাধ্যমেই অরুণা আসফ আলি ভারতীয় রাজনীতিতে পা রাখেন। লবণ সত্যাগ্রহ চলাকালীন তিনি একটি শোভাযাত্রায় অংশগ্রহণ করেন এবং ভবঘুরের তকমা দিয়ে তাঁকে কারারুদ্ধ করা হয়। বিবাহের মাত্র দুই বছরের মধ্যেই তিনি কারাবরণ করেন। এমনকি ১৯৩১ সালে গান্ধী-আরউইন চুক্তির সময় প্রত্যেক রাজনৈতিক বন্দিকেই যখন মুক্তি দেওয়া হয়েছিল তখনও তাঁকে জেলেই থাকতে হয়। ১৯৩২ সালে তাঁকে তিহার জেলে পাঠানো হয়, যেখানে তিনি রাজনৈতিক বন্দীদের প্রতি উদাসীন আচরণ করার প্রতিবাদে অনশন শুরু করেন। তাঁর এই প্রতিবাদ অনশনে তিহার জেলে অবস্থার উন্নতি হয়। কিন্তু তাঁকে আম্বালা জেলে নির্জন কারাবাসে পাঠিয়ে দেওয়া হয়। ১৯৪২ সালের ৯ আগস্ট ভারত ছাড়ো আন্দোলনের সময় মুম্বাইয়ের গোয়ালিয়া ট্যাঙ্ক ময়দানে জাতীয় কংগ্রেসের পতাকা উত্তোলন করে তিনি আন্দোলনের সূচনা করেন। গোয়ালিয়া ট্যাঙ্ক ময়দানে জমায়েতের উপর ব্রিটিশ পুলিশ গুলি চালায়। অভিজ্ঞ নেতৃত্বের অনুপস্থিতি সত্ত্বেও অরুণার সাহসী পদক্ষেপ স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে উজ্জ্বল হয়ে রয়েছে। এই ঘটনার পরে অরুণার নামে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয় এবং তিনি গ্রেপ্তারি এড়াবার জন্য গা ঢাকা দিয়ে থাকতে শুরু করেন। এর মধ্যেই তিনি কংগ্রেসের মাসিক পত্রিকা 'ইনকিলাব' সম্পাদনা করতে শুরু করেন। অজ্ঞাতবাসে থাকাকালীন তাঁকে যে বন্দী করতে পারবে তাকে পাঁচ হাজার টাকা পুরস্কার দেওয়ার ঘোষণা করে ব্রিটিশ সরকার। ১৯৪৬ সালে তাঁর নামে জারি হওয়া গ্রেপ্তারি পরোয়ানা তুলে না নেওয়া অবধি তিনি প্রকাশ্যে আসেননি। ১৯৯৬ সালের ২৯ জুলাই সাতাশি বছর বয়সে নতুন দিল্লিতে অরুণা আসফ আলির মৃত্যু হয়। মৃত্যুর পরে ১৯৯৭ সালে তাঁকে দেশের সর্বোচ্চ অসামরিক সম্মান ভারতরত্নে ভূষিত করা হয়।

### অশ্রুকণা সেন (ঢাকা) :



১৯১০ সালে ঢাকার টাঙ্গিবাড়িতে জন্মগ্রহণ করেন অশ্রুকণা সেন। তাঁর পিতা ছিলেন উমাচরণ সেন। তিনি শ্রীসংঘ সংগঠনের একজন অন্যতম সদস্য ছিলেন। ১৯৩৪ সালের ১১ জুলাই তাঁকে গ্রেপ্তার করে ঢাকার সেন্ট্রাল জেলে কারাবন্দী করে রাখা হয়। এরপর ১৯৩৪ সালের ১ ডিসেম্বর তাঁকে ঢাকার মুন্সীগঞ্জে গৃহবন্দী করে রাখা হয়। ১৯৩৪ সালের ১৭ ডিসেম্বর তাঁকে নিঃশর্তভাবে মুক্তি দেওয়া হয়।

### রানী চন্দ (মেদিনীপুর) :



১৯১১ সালের পুজোর সময় মেদিনীপুরে জন্মগ্রহণ করেন রানী চন্দ। বাল্যকাল অতিবাহিত হওয়ার পর তিনি চিত্রশিল্পের শিক্ষা গ্রহণ করার উদ্দেশ্যে পাড়ি দেন শান্তিনিকেতনে। আচার্য নন্দলাল বসুর কাছে খুব অল্প সময়ের মধ্যেই রানী হয়ে উঠেছিলেন কবিগুরু রবীন্দ্রনাথ ও শিল্পগুরু অবনীন্দ্রনাথের স্নেহের পাত্রী এবং শিল্পাচার্য নন্দলাল বসুর অন্যতম প্রিয় ছাত্রী। কিন্তু শৃঙ্খলিত দেশমাতার গভীর ক্রন্দন যেন তাঁকে সর্বদাই ব্যথিত করে তুলতো। সাহিত্য ও শিল্পের সুপরিবেশের মধ্যে থেকেও তাঁর প্রাণস্পন্দন যেন ছিল অপূর্ণ। তাই আপন অন্তরের তাগিদেই তিনি নিজেকে নিয়োজিত করেন দেশসেবায়। কংগ্রেসের কর্মী রূপে গ্রামে গ্রামে পরিভ্রমণ করে বিভিন্ন সংগঠনমূলক কাজ পরিচালনা করেন তিনি। অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে গ্রামে গ্রামে বিচরণ করে চরকা পরিচালনা করা, স্কুল নির্মাণ করা, হাতের কাজের প্রশিক্ষণ দেওয়া ইত্যাদির মধ্যে দিয়ে দরিদ্র দেশবাসীকে স্বাবলম্বী করার প্রয়াসের লক্ষ্যে নিরলস প্রচেষ্টার কাজে যুক্ত হন। ১৯৪২ সালে 'ভারত ছাড়ো' আন্দোলনে সমগ্র বীরভূম যখন প্রবলভাবে উত্তাল, সেই সময় শুধুমাত্র গঠনমূলক কাজে নিজেকে আবদ্ধ না রেখে, তিনি সংগ্রামের সম্মুখ সমরে ঝাঁপিয়ে পড়েন। আপন হৃদয়ের প্রেরণায় বেরিয়ে পড়েন শান্তিনিকেতন থেকে। তাঁর আহ্বানে সাড়া দিয়ে একে একে আদোলনে যোগদান করেন অনেকেই— কবিগুরু রবীন্দ্রনাথের দৌহিত্রী নন্দিতা কৃপালনী, শিল্প ভবনের ছাত্রী এলা দত্ত, শান্তিনিকেতনের ছাত্রী ভবানী সেন, শ্রীভবনের শান্তি দাশগুপ্ত প্রমুখ মহিলাবৃন্দ। ১৯৪২ সালের আন্দোলনের কর্মসূচি অনুযায়ী মহিলাবৃন্দের এই গোষ্ঠী গ্রামে গ্রামে বিচরণ করে জনসাধারণকে আন্দোলনে যোগদান করতে উদ্বুদ্ধ করেন এবং তাঁদের আহ্বানে গ্রামবাসীদের মধ্যেও এই আন্দোলনে যোগদান করবার অভূতপূর্ব সাড়া মেলে। এমনকি সাঁওতাল গ্রামবাসীরাও দলে দলে তাঁদের সভায় যোগ দিতে উদ্যত হয়। ব্রিটিশ সরকার তাঁদেরকে প্রতিহত করবার জন্য আন্দোলন পরিচালনারত কর্মীদের একে একে গ্রেফতার করে। রানী চন্দের ৯ মাসের কারাদণ্ড হয় এবং সেই সাথে নন্দিতা কৃপালনী, এলা দত্ত, ভবানী সেন, শান্তি দাশগুপ্ত প্রমুখকে কারাদণ্ডে দণ্ডিত করা হয়।

### প্রীতিলতা ওয়াদ্দেদার (চট্টগ্রাম) :



১৯১১ খ্রিস্টাব্দের ৫ মে চট্টগ্রামে জন্মগ্রহণ করেছিলেন প্রীতিলতা। পিতা জগদ্বন্ধু, মাতা প্রতিভাময়ী। চট্টগ্রাম খাস্তগীর বালিকা বিদ্যালয়ের মনোযোগী ছাত্রী ছিলেন প্রীতিলতা। ইংরেজি, বাংলা, সংস্কৃত সব বিষয়েই তাঁর দখল স্পষ্ট হয়ে ওঠে। আই.এ পরীক্ষায় ঢাকা বোর্ড থেকে তিনি মেয়েদের মধ্যে প্রথম

স্থান অধিকার করেন ১৯৩০ খ্রিস্টাব্দে। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৩২ খ্রিস্টাব্দে তিনি ডিস্টিংসনে বি.এ পাশ করেন। সে সময়ে বিপ্লবী কাজে ব্যস্ত থাকার জন্য ইংরেজি অনার্স তাঁকে ছেড়ে দিতে হয়। কলেজ জীবনে তিনি ঢাকায় লীলা নাগের দীপালি সঙ্ঘ এবং কলকাতায় কল্যাণী দাসের ছাত্রী সঙ্ঘের সঙ্গে জড়িত হন। এখানে তাঁর মনে একটা রাজনৈতিক ছাপ পড়ে। অবশেষে তিনি সূর্য সেনের বিপ্লবী দলে যোগদান করেন। ১৯৩০ খ্রিস্টাব্দে চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের পর এবং জালালাবাদ পাহাড়ের যুদ্ধের পর আত্মগোপনকারী বিপ্লবীদের গোপনীয় খবর আদান-প্রদানে এবং চট্টগ্রাম ও কলকাতার বিপ্লবীদের সংযোগ রক্ষার ভার পড়ে প্রীতিলতার উপর। তখনো তাঁর সঙ্গে মাস্টারদার দেখা হয়নি কিন্তু মাস্টারদার আদেশেই তিনি পুলিশ ইন্সপেক্টর তারিণী মুখার্জিকে হত্যা করার অপরাধে ফাঁসির আদেশপ্রাপ্ত রামকৃষ্ণ বিশ্বাসের সঙ্গে দেখা করতে প্রায়ই আলিপুরে সেন্ট্রাল জেলে যেতেন। ১৯৩২ খ্রিস্টাব্দে তিনি চট্টগ্রামে ফিরে যান এবং সেখানে নন্দনকানন গার্লস স্কুলের প্রধান শিক্ষয়িত্রীর পদ গ্রহণ করেন। মাত্র তিন মাস তিনি এই কাজ করতে পেরেছিলেন। ধলঘাট গ্রামে সাবিত্রী দেবীর বাড়িতে তখন সূর্য সেন, নির্মল সেন ও অপূর্ব সেন আত্মগোপন করেছিলেন। পুরুষের বেশে গিয়ে প্রীতিলতা সূর্য সেনের সঙ্গে দেখা করে এলেন। এই তাঁর মাস্টারদাকে প্রথম দেখা। ১৯৩২ খ্রিস্টাব্দের ২৪ সেপ্টেম্বর— প্রীতিলতার সঙ্গে আছেন আরো দশ-বারো জন বিপ্লবী, নেত্রী প্রীতিলতা। পাহাড়তলী ইউরোপীয়ান ক্লাব তাঁরা আক্রমণ করলেন বোমা ও রিভলবার নিয়ে। ক্লাবের একজনের মৃত্যু হয় এবং কয়েকজন আহত হয়। কর্ম সমাধান হয়ে যাবার পর অক্ষত দেহে সকল বিপ্লবীরা প্রীতিলতারই নির্দেশে মাস্টারদার কাছে ফিরে যান, কিন্তু প্রীতিলতা আর ফিরলেন না। তিনি দেহত্যাগ করলেন পটাশিয়াম সায়ানাইড খেয়ে। অসংখ্য রকমের তদন্তের পর প্রীতিলতার দেহ ফিরিয়ে দেওয়া হয় তাঁর বাবার কাছে। শহিদ প্রীতিলতার দেহ সেদিন অজ্ঞাতভাবে ভস্মীভূত হয়ে যায়। ভয়ে কেউ সেদিন তাঁকে শ্রদ্ধা জানাতে আসেননি। বয়স তখন তাঁর মাত্র একুশ বছর।

### ➲ বীণা দাস (কলকাতা) :



বীণা দাস ১৯১১ সালের ২৪ আগস্ট কৃষ্ণনগরে জন্মগ্রহণ করেছিলেন। তাঁর পিতা বেণীমাধব দাস ও মাতা সরলা দাস। মাতৃভূমি শৃঙ্খলা মোচনের আকুল আহ্বান এবং আদর্শবাদী পিতার আদর্শনিষ্ঠা বীণার মনের ক্ষেত্র প্রস্তুত করে তুলেছিল স্বাধীনতা সংগ্রামের পথকে নিজের জীবনে বেছে নিতে। ১৯২৮ সালে এসেছিল সাইমন কমিশন। বেথুন কলেজের ছাত্রী বীণা দাস অন্যান্য কর্মীদের সঙ্গে সাইমন কমিশন বয়কট ও বেথুন কলেজে পিকেটিং করতে উঠে পড়ে লাগলেন। ঐ সালে কলকাতা কংগ্রেসের অধিবেশনে বীণা ও তাঁর দিদি কল্যাণী পরম উৎসাহে স্বেচ্ছাসেবিকা বাহিনীতে যোগদান করেন। ১৯৩২ সালের ৬ ফেব্রুয়ারি সেনেট হলে কনভোকেশন বসেছে। গভর্নর স্ট্যানলি জ্যাকসন অভিভাষণ পাঠ শুরু করেছেন। বীণা দাস তখন নিজের আসন থেকে উঠে এসে গভর্নরের কয়েক হাত দূর থেকে গুলি ছুঁড়তে লাগলেন। গভর্নরের কানের পাশ দিয়ে গুলি চলে গেল। এই ঘটনার ফলস্বরূপ বীণা দাসকে গ্রেপ্তার করা হয়। অপমানকর ভাষায় পুলিশ তাঁকে জেরা করে রিভলভার পাবার রহস্য জানতে। কিন্তু বীণা সেদিন ছিলেন নিরুত্তর। একদিনেই বিচারপর্ব শেষ করে তাঁকে নয় বছর সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়।

### ননীবালা সেন (চট্টগ্রাম) :



১৯১১ সালে চট্টগ্রামে জন্মগ্রহণ করেন ননীবালা সেন। ১৯৩৩-এর ২৫ মে বিস্ফোরক দ্রব্য আইনের অধীনে তাঁকে পাঁচ বছরের জন্য সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়। ১৯৩৬ সালের ৫ ফেব্রুয়ারি তিনি মুক্তি পান।

### প্রমীলা গুপ্ত (ঢাকা) :



প্রমীলা গুপ্তের জন্ম হয় ১৯১২ সালে লাকসামে। তাঁর দেশ ঢাকা জেলার বিক্রমপুরের মধ্যপাড়া গ্রামে। তাঁর বাবা কুমুদিনী গুপ্ত ও মা ছিলেন কাদম্বিনী দেবী। তিনি ঢাকা ইডেন হাইস্কুল ও কলেজে পড়াশোনা করেন এবং ১৯২৯ সালে ম্যাট্রিক পাস করেন। কলকাতায় এসে স্কটিশচার্চ কলেজে তৃতীয় বার্ষিক শ্রেণিতে পড়বার সময় ১৯৩২ সালে তিনি গ্রেপ্তার হন। ঢাকা ইডেন কলেজ পড়বার সময় ইংরেজের উৎপীড়ন ও অত্যাচার তাঁকে বিচলিত করে তোলে। অপরদিকে ছিল ইংরেজদের বিরুদ্ধে গান্ধীজির সংগ্রামের আহ্বান ও তার প্রভাব। ক্রমে তিনি 'শ্রীসংঘ' নামে বিপ্লবী দলের সঙ্গে যুক্ত হন। অন্যান্য কর্মীবৃন্দের সঙ্গে গ্রামে গ্রামে ঘুরে তিনি বক্তৃতা দিতেন, দেশসেবার জন্য অর্থ সংগ্রহ করতেন। ইডেন হস্টেলের মত সরকারি হস্টেলের মধ্যেও পিস্তল লুকিয়ে রাখতেন এবং সেগুলি নিরাপদ স্থানে পৌঁছে দিয়ে আসতেন। 'জয়শ্রী' নামক একটি পত্রিকার অন্যতম পরিচালক ছিলেন প্রমীলা গুপ্ত। ১৯৩২ সালে প্রমীলা গুপ্ত স্কটিশচার্চ কলেজে বি.এ পড়বার সময় গ্রেপ্তার হন। তিনি ডেটিনিউ রূপে বন্দী থাকেন প্রেসিডেন্সি, হিজলি প্রভৃতি জেলে। জেলের মধ্যে পরীক্ষা দিয়ে তিনি বি.এ পাস করেন। ১৯৩৭ সালে তিনি মুক্তি পান।

### সুশীলা দাশগুপ্ত (ঢাকা) :



১৯১২ সালে ঢাকার টাঙ্গীবাড়িতে জন্মগ্রহণ করেন সুশীলা দাশগুপ্ত। তিনি শ্রীসংঘ ও ছাত্রী সংঘের অন্যতম সক্রিয় সদস্য ছিলেন। ১৯৩২ সালের ২৯ ফেব্রুয়ারি তাঁকে গ্রেপ্তার করা হয় এবং প্রেসিডেন্সি জেল, সিউড়ি জেল, হিজলি জেল প্রভৃতি বিভিন্ন কারাগারে তাঁকে ক্রমান্বয়ে কারাবন্দী করে রাখা হয়। জেল থেকে মুক্তি পাবার পর ১৯৩৬ সালের ১৬ মে তাঁকে তাঁর বাবার সঙ্গে রংপুরের তাজহাটে গৃহবন্দী করে রাখা হয়। অবশেষে ১৯৩৮ সালের ২৯ এপ্রিল তাঁকে নিঃশর্তভাবে মুক্তি দেওয়া হয়।

# DIRECTOR-SECRETARY'S REPORT

on

## the Programmes and Activities at Gandhi Smarak Sangrahalaya, Barrackpore

from October, 2022 to March, 2023

■ **In House Activities :**

1. **Celebraton of 153rd Birth Anniversary of Mahatma Gandhi (02.10.22) :**

Gandhi Smarak Sangrahalaya, Barrackpore organized a programme on October 2, 2022 to commemorate the 153rd Birth Anniversary of Mahatma Gandhi at the premises of the Sangrahalaya. On the occasion, the 24th Mahatma Gandhi Memorial Award was presented to Ramakrishna Math and Ramakrishna Mission, Belur Math.






The programme was started by opening song, performed by the Artists of private registered troupe of Central Bureau of Communication, Ministry of Information & Broadcasting, Govt. of India and it was followed by the Welcome Address, delivered



by the Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya. Shri Narayan Basu, Chairman of the Sangrahalaya was presided over the programme and he felicitated the Recipients of Mahatma Gandhi Memorial Award and Mahatma

Gandhi Memorial Orator.

On behalf of the Belur Math, Swami Ritananda Ji Maharaj was present to receive the award and after receiving the award he delivered his valuable speech. Professor (Dr.) Hasi Banerjee, Former Professor of Department of History, University of Calcutta was present in the programme to deliver the 23rd Mahatma Gandhi Memorial Oration. Dr.





Sandipan Sen, Associate Professor, Ramakrishna Mission Vidyamandira, Belur Math graced the occasion as a Guest of Honour.

The programme was ended by the Closing song and the Vote of Thanks was given by one of the Staff Member of the Sangrahalaya.

2. **Inauguration of Eco-friendly Organic Garden at the premises of Gandhi Smarak Sangrahalaya, Barrackpore and Annual General Convocation of Sustainable Agriculture (06.11.22) :**

Gandhi Smarak Sangrahalaya, Barrackpore in collaboration with 'Jaibo Samidh Biotech' had taken an initiative to develop an Eco-friendly Organic Garden at the premises of the Sangrahalaya. The Eco-friendly Organic Garden was inaugurated at the meeting of the Annual General Convocation, held at the Auditorium of the Sangrahalaya on November 6, 2022.








Shri Purnendu Basu, Former Agriculture Minister of Government of West Bengal and Chairperson of West Bengal State Council of Technical & Vocational Education and Skill Development was presided over the meeting and Smt. Dola Sen, Member of Parliament, Government of India conducted the meeting.

The Members of Sustainable Agriculture from various districts of West Bengal had come to attend the meeting. Dr. Pratik Ghosh, Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya, Barrackpore had



discussed the significance of development of such Eco-friendly Garden in the premises of the Sangrahalaya and he had also explained the future planning of such new initiative of the Sangrahalaya to the delegates, so that it would become a Model of sustainable agriculture in this area to create a mass awareness among the general people about the necessity of organic farming in near future. The Organic Farmers, who have already involved in sustainable agriculture in different parts of West Bengal, shared their experiences, discussed about various problems, which have been faced by them in this field in the first session of the meeting. In the next session various advices and suggestions regarding the sustainability of organic farming




procedure were given by the experts present in the meeting. In the Presidential address, Shri Purnendu Basu discussed about the problems, solutions and possibilities of sustainable agriculture and about the rationality of sustainable agriculture in present time. Dr. Mamta Kansay, IDES, Chief Executive Officer of Barrackpore Cantonment Board concluded the meeting.

### 3. 3rd Day Session of Thinkers' & Writers' Peace Meet (26.02.2023) :

International Society for Intercultural Studies and Research (ISISAR) organized Thinkers' and Writers' Peace Meet from 24 to 26 February, 2023 at Kolkata. ISISAR in collaboration with Gandhi Smarak Sangrahalaya, Barrackpore organized the 3rd day session of this Peace Convention programme at the Auditorium of Gandhi Museum Barrackpore on February 26, 2023.





The Delegates from several parts of the country came to attend the programme. Before starting the programme the Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya provided them a guided tour in all the galleries of the museum.

Dr. Sudipto Chatterjee, Secretary of ISISAR conducted the whole programme. The



3rd day session of the Peace Convention was started by singing of the favourite Bhajans of Mahatma Gandhi, followed by the Welcome Address, delivered by Dr. Pratik Ghosh, Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya, Barrackpore.



In the first session there was a Panel discussion on Gandhian Ideology and the World Peace. Dr. Santinath Chattopadhyay presided over the session. Dr. Varsha Das, Smt. Padmaja Iyenger-Paddy, Dr. Ahana Chakraborty, Shri Biplab Majee and other Eminent Thinkers shared their thoughts to the Audience on the topic in Panel Discussion

session. A new book, entitled 'Mahatma 150', containing the articles on Mahatma Gandhi by noted scholars of India and abroad, edited by Dr. Santinath Chattopadhyay was also released in presence of the Panelists.

Noted writers and Scholars from different states of India participated in the next session by expressing their views on Peace and Nonviolence through the reading of their own written poems and writings.

The 3rd Day Session of Thinkers' and Writers' Peace Meet was concluded by Dr. Sudipto Chatterjee, Secretary of ISISAR.

■ **Participatory Programme :**

1. **Participation in 3 Days' Programme, organized by Gandhi Seva Sangha, Laketown, Kolkata (From January 8-January 10, 2023) :**




To mark the occasion of 75th year of Gandhi Seva Sangha, located at Laketown, a 3 days' programme had been organized by this organization in collaboration with Gandhi Smarak Sangrahalaya Barrackpore at the auditorium of Gandhi Seva Sangha from January 8 to January 10, 2023.

The programme was inaugurated by Dr. Sankar Kumar Sanyal, All India President of Harijan Sevak Sangh in presence of Dr. Pratik Ghosh, Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya Barrackpore, Dr. Kalyan Rudra, Chairman of West Bengal Pollution Control Board, Shri Subrata Gangoadhyay, a renowned Painter, Professor Hiranmay Saha, President of Harijan Sevak Sangha and other dignitaries.




Gandhi Smarak Sangrahalaya Barrackpore set up a temporary exhibition on 'Three Great Personalities in Photographs - Gurudev Rabindranath Tagore, Mahatma Gandhi and Netaji Subhas Chandra Bose' along with some other exhibits, like Miniature Model of 'Hriday Kunj Kutir' of Sabarmati Ashram, a small model of Wooden Spinning Wheel, Some Replicas of Gandhiji's used Articles, Photostat copies of Gandhiji's Bengali hand writings and some hand written

letters, written by Gandhiji by using his both hands, etc. at there and the exhibition was continued for next 2 days at there. In next two days Gandhi Smarak Sangrahalaya






Barrackpore conducted several programmes at the premises of Gandhi Seva Sangha, Laketown for the school students of several institutions of Laketown and its surrounding areas.

2. **Participation in 46th International Kolkata Book Fair (31.01.23-12.02.23) :**

Gandhi Smarak Sangrahalaya Barrackpore set up an Exhibition cum Book Stall at 46th International Kolkata Book Fair Ground from January 31 to February 12, 2023.




The stall had been decorated with an exhibition on the continuous events of Gandhiji's transformation from 'Mohan to Mahatma'. Born as Mohan on October 2, 1869, the story of Gandhiji's rise from an ordinary boy to a world-renowned Mahatma, was visualized through some rare photographs of Gandhiji's life history.





Along with this many valuable books written by and on Mahatma Gandhi and also on the History of Independence and Biographies of great Personalities and other mementos like Charkha, etc. were kept in the stall.







3. **Participation an Online Governance and Museology Discussion Forum, organized by ICOM International Committee for Museum Management (22.02.23) :**



ICOM International Committee for Museum Management (INTERCOM) in collaboration with Foundation Typa, Argentina organized an Online Governance and Museology Discussion Forum, which was designed for the South Asia Museum Directors Forum on Governance, Funding and Museology on February 22, 2023.




On behalf of Gandhi Memorial Museum, Barrackpore Dr. Pratik Ghosh, Director-Secretary of the Museum participated in this discussion forum. The Directors of different museums of various countries from South Asia including India, Bangladesh, Pakistan, Srilanka, Nepal, etc. participated in the programme and exchanged their ideas and experiences with other museum directors. The topics discussed in the Forum were the issues, which is specific to South Asia museum context is the lack of museum capacity building and museology courses in the region.

4. **Participation in the Seminar on the "Restoration of Museum Building: Issues and Challenges", organized by Prasanta Chandra Mahalanobis Memorial Museum & Archives (16.03.2023) :**



Prasanta Chandra Mahalanobis Memorial Museum & Archives (PCMMMA) under Indian Statistical

Institute (ISI) organized a seminar on the "Restoration of Museum Building : Issues and Challenges" on 16 March 2023 at ISI Campus. The Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya, Barrackpore was invited as a Guest Speaker to deliver a lecture in the Seminar. Dr. Pratik Ghosh, Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya delivered his lecture on 'Transformation of a Museum Building to Restore the Gandhian Heritage – Case Study: Gandhi Memorial Museum, Barrackpore'.



■ **Mobile Exhibition :**

1. **At Mahadevananda Mahavidyalaya, Barrackpore (05.01.2023) :**

As a part of the programme of observation of Students' Week, Mahadevananda Mahavidyalaya, Barrackpore invited the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore to organize some programmes for their students at the premises of their college on January 5, 2023.

The team members of Gandhi Smarak Sangrahalaya organized the temporary exhibition on Life and Activities of Mahatma Gandhi and on Gandhiji's 18 Communal Structures for Redevelopment of the Society, entitled 'India of My Dreams' at there. A documentary film show on role of Barrackpore in Indian Freedom Movement was also shown to the students. At the end









of the programme the Director-Secretary of the Sangrahalaya conducted an Audio-Visual Spot Quiz on Life and Activities of Mahatma Gandhi for the students. The authority of the college provided the mementos to the successful participants of the quiz programme.

2. **At Barrackpore College of Education Institute of Physiotherapy & Allied Sciences, North 24 Parganas District (05.01.2023) :**

To mark the occasion of the 74th Republic Day, Gandhi Smarak Sangrahalaya, Barrackpore was invited by Barrackpore College of Education Institute of Physiotherapy & Allied Sciences, located at Nilgaunj area of North 24 Parganas district to organize an Exhibition on Three Great Personalities - Gurudev Rabindranath Tagore, Mahatma Gandhi and Netaji Subhas Chandra Bose at their institute on January 27, 2023. The Exhibition was inaugurated by Shri Jyoti Chakraborty, Karmadhakshya of North 24 Parganas district. In the inaugural part of the programme Shri Chakraborty, Shri Subhendu Kanjilal, Director of Institute of Physiotherapy & Allied Health Sciences and Dr. Pratik Ghosh, Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya











Barrackpore delivered their inaugural speeches. After visiting the exhibition a documentary film show on Indian Freedom Movement was also shown by the museum to the participants.

- **Group Visit :**

1. **Group Visit by the Students of St. Augustine's Day School, Barrackpore (November 3,4 and 7, 2022) :**



The Students of Class VI visited the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore in group on November 3, November 4 and November 7, 2022. On the first day,




second day and third day 96, 84 and 119 students along with their Teachers came to visit the Sangrahalaya respectively. The Sangrahalaya provided the guided tour to all the students in each group and they had been shown the documentary film on the 'Role of Barrackpore in Indian Freedom Movement'. The School Authority was very pleased by the cooperation of the Staff Members of the Sangrahalaya for proper guidance and support to the students group during their visit in the museum.






2. **Group Visit by the Students of Assembly of Christ School (November 17 and 18, 2022) :**

The Authority of Assembly of Christ School Barrackpore, an ICSE and ISC affiliated Christian Minority Institution had planned to visit the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore on 17 and 18 November, 2022 for their students of class VI, VII and VIII. On November 17, 2022,






215 students along with their 10 Teachers came to visit the museum from the Barrackpore branch and 110 students along with 6 Teachers from Titagarh Branch of the institution visited the museum on November 18, 2022.

The Sangrahalaya organized the guided tour in different galleries for both the group of the students and the documentary Film Show on the role of Barrackpore in Indian Freedom Movement was also shown to all of them. After visiting the museum the Director-Secretary of Gandhi Smarak Sangrahalaya conducted an Audio-visual






Spot Quiz on the life and activities of Mahatma Gandhi for all the students on both days during group visit and winners of the spot quiz were provided the mementos by the Sangrahalaya.

3. **Group Visit by the Students of Khetra Mohan Memorial High School, Barrackpore (10.01.2023) :**

A group of 69 students of Khetra Mohan Memorial High School, Barrackpore visited the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore January 10, 2023 for their educational tour. The Sangrahalaya provided the guided service to them for visiting all the galleries and after visiting the galleries a Documentary Film Show was shown to them.





4. **Group Visit by the Students of Serampore High School, Hooghly District (30.01.2023) :**

27 Students along with their Teachers from Serampore High School visited the Sangrahalaya on January 30, 2023. They were provided the guided tour to all galleries of the Sangrahalaya and documentary film show on Indian Freedom Movement was also shown to them.





5. **Group Visit by the Students of Sacred Heart Day School, Barrackpore (February 20 and 21, 2023) :**


The Students of Sacred Heart Day School, Barrackpore visited the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore in group on February 20 and 21, 2023. On the first day and second day 39 and 52 students along with their Teachers came to visit the Sangrahalaya respectively. The Sangrahalaya provided the guided tour to all the students in each group and they had been shown the documentary film on the 'Role of Barrackpore in Indian Freedom Movement'.





6. **Group Visit by the Students of K.B.B.N. College, Behala, Kolkata (25.02.2023) :**

On February 25, 2023, 49 students of K.B.B.N. College, Behala, Kolkata along with teachers visited the Sangrahalaya for their educational excursion purpose. They were provided a guided tour of Sangrahalaya and after visiting all the galleries a documentary film show was also shown to them.





7. **Group Visit by the Students of Sacred Heart Day School, Barrackpore (03.03.2023) :**



About 85 students and their teachers of Sacred Heart Day School, Barrackpore visited the Sangrahalaya for their educational excursion purpose on March 3, 2023. They were provided the guide service to explain the exhibits of the museum and a documentary film show was also shown to them.






8. **Group Visit by the Students of Bishnupur High School, Chakdaha in Nadia District (17.03.2023) :**

On March 17, 2023 58 Students from Bishnupur High School, Chakdaha in Nadia District came to visit the Sangrahalaya along with their teachers and were provided with a guided tour to explain the exhibits of the gallery of the Sangrahalaya.





■ **Special Visit :**

1. **Smt. Shama Parveen, ADM, North 24 Parganas District** came to visit the Sangrahalaya on December 10, 2022. She was provided with a detailed guided tour of the Museum. After visiting the Sangrahalaya she commented, "*Thanks to Dr. Ghosh for giving us a very informative tour of this museum. Being a student of History I got a chance to see many aspects of our Indian Independence so closely. Really enlightened and wonderful experience*".









2. **Ms. Shashi Shalini Kujur, Postmaster General, South Bengal Region** visited the Sangrahalaya on December 15, 2022. After visiting the galleries of the Sangrahalaya, she commented "*Very systematically exhibited the Murals & different phases of historical important events associated with Gandhiji. Very well maintained and wonderful museum and must visit*".





3. **Famous Bengali Actress Smt. Tanima Sen** visited the Gandhi Smarak Sangrahalaya, Barrackpore on 17.01.2023. She was provided a guided tour in all the galleries of the museum. After visiting the museum she overwhelmed to visit the surroundings of the museum's premises, where an initiative has been taken by the museum to cultivate the organic farming. After spending a lot of time in the museum she expressed that she had an amazing time today in Gandhi Smarak Sangrahalaya and with its Staff Members.






4. We are very pleased to announce that **K. M. Mosharraf Hossain**, known by his stage-name Mosharraf Karim, a very famous Actor of Bangladesh, who works both in films and television, came to visit the Gandhi Smarak Sangrahalaya on January 24, 2023. He was provided a guided tour in different galleries of the Museum and he also enjoyed the documentary film show on role of Barrackpore in Indian Freedom Movement.



Vol.17, No.4 January - March, 2023



## গান্ধীজী

বিজয়লাল চট্টোপাধ্যায়

আত্মা যে অপরাজেয় করিতে প্রমাণ
এ অবিশ্বাসের যুগে হ'লে আগুয়ান
জাতির জনক গান্ধী। তুমি অহিংসার
অন্তরে করিলে দিব্য শক্তির সঞ্চার।
যে প্রেম ক্লীবত্বে ছিল বন্ধ্যা, তা পাংক্তেয়,
তুমি তারে দিলে দীপ্তি, কৌলীন্য আগ্নেয়।
ক্ষাত্রবীর্যে ঝলমল। নির্বীর্য্য ভারত
বৃটিশের পদ-প্রান্তে জড়পিণ্ডবৎ
ছিল ঘৃণা পৃথিবীর। জনসাধারণ
ছিলো মন্ত্র পুত্তলিকা মৃতের মতন।
অচেতন লোকশক্তি অহল্যা পাষাণ—
তুমি তারে দিলে শৌর্য্য, দিলে তারে প্রাণ,
কণ্ঠে তার দিলে ভাষা! দেশ-মাতৃকার
মুক্তিদাতা গান্ধী লহো মোর নমস্কার।

Gandhi Smarak Sangrahalaya
14, Riverside Road, Barrackpore, Kolkata - 700120
website : www.gandhimuseum.in e - mail : gandhimuseum.120@gmail.com
Editor : ***Professor Jahar Sen***
Published and Printed by Dr. Pratik Ghosh, Director-Secretary, Gandhi Smarak Sangrahalaya
Barrackpore, Kolkata - 700 120 and Printed from Indian Art Concern, Kolkata
Subscription : ₹ 20.00